

BISMILLAHIR RAHMANIR RAHIM
BUKHARI SHARIF (9TH VOLUME)

www.banglainternet.com

PART : PANIYO

كِتَابُ الْأَشْرَةِ

পানীয় দ্রব্যসমূহ অধ্যায়

وَقَوْلُ اللَّهِ تَعَالَى : إِنَّمَا الْخَمْرُ وَالْمَيْسِرُ وَالْأَنْصَابُ وَالْأَزْلَامُ رِجْسٌ مِنْ عَمَلِ الشَّيْطَانِ فَاجْتَنِبُوهُ لَعَلَّكُمْ تُفْلِحُونَ

মহান আল্লাহর বাণী : নিশ্চয় মদ, জুয়া, মূর্তিপূজার বেদী ও ভাগ্য নির্ধারক তীর ঘৃণিত জিনিস, শয়তানের কাজ। সুতরাং তোমরা তা পরিহার কর, যেন তোমরা সফলকাম হতে পার। (সূরা মায়িদা : ৯০)

৫১৭৫ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ يُوسُفَ أَخْبَرَنَا مَالِكٌ عَنْ نَافِعٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ رَسُولَ اللَّهِ ﷺ قَالَ مَنْ شَرِبَ الْخَمْرَ فِي الدُّنْيَا ثُمَّ لَمْ يَتُبْ مِنْهَا حُرِمَهَا فِي الْآخِرَةِ -

৫১৭৫ আবদুল্লাহ ইবন ইউসুফ (র) আবদুল্লাহ ইবন উমর (রা) থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ ﷺ বলেছেন : যে ব্যক্তি দুনিয়াতে মদ পান করেছে এরপর সে তা থেকে তওবা করেনি, সে ব্যক্তি আখিরাতে তা থেকে বঞ্চিত থাকবে।

৫১৭৬ حَدَّثَنَا أَبُو الْيَمَانِ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنِ الزُّهْرِيِّ أَخْبَرَنِي سَعِيدُ بْنُ الْمُسَيْبِ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ ﷺ أَتَى لَيْلَةَ أُسْرَى بِهِ بِبَائِلِيَاءَ بِقَدْحَيْنِ مِنْ خَمْرٍ وَلَبَسَ فَنَظَرَ إِلَيْهِمَا ثُمَّ أَخَذَ اللَّبْنَ ، فَقَالَ جِبْرِيلُ الْحَمْدُ لِلَّهِ الَّذِي هَذَاكَ لِلْفِطْرَةِ وَلَوْ أَخَذْتَ الْخَمْرَ غَوَتْ أُمَّتُكَ * تَابِعَهُ مَعْمَرٌ وَابْنُ الْهَادِ وَعُثْمَانُ بْنُ عُمَرَ وَالزُّبَيْدِيُّ عَنِ الزُّهْرِيِّ -

৫১৭৬ আবুল ইয়ামান (র)..... আবু হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, ইস্রা-মিরাজের রাতে ঈলিয়া নামক স্থানে রাসূলুল্লাহ ﷺ -এর সামনে শরাব ও দুধের দু'টি পেয়ালা পেশ করা হয়েছিল। তিনি উভয়টির দিকে নজর করলেন। এরপর দুধের পেয়ালাটি গ্রহণ করেন। তখন জিব্রাইল (আ) বললেন : সকল প্রশংসা সেই আল্লাহর জন্য যিনি আপনাকে স্বভাবজাত জিনিসের দিকে পথ দেখিয়েছেন। অথচ যদি আপনি শরাব গ্রহণ করতেন তাহলে আপনার উম্মাত

ওমরাহ হয়ে যেত। যুহরী (র) থেকে মা'মার, ইব্ন হাদী, 'উসমান, ইব্ন উমর ও যুবায়েদী অনুরূপ বর্ণনা করেছেন।

৫১৭৭ حَدَّثَنَا مُسْلِمُ بْنُ أَبِرَاهِيمَ حَدَّثَنَا هِشَامٌ حَدَّثَنَا قَتَادَةُ عَنْ أَنَسِ بْنِ رَضِيٍّ أَنَّ اللَّهَ عَنَّهُ قَالَ سَمِعْتُ مِنْ رَسُولِ اللَّهِ ﷺ حَدِيثًا لَا يُحَدِّثُكُمْ بِهِ غَيْرِي، قَالَ مِنْ أَشْرَاطِ السَّاعَةِ أَنْ يُظْهَرَ الْحَهْلُ، وَيَقْبَلَ الْعِلْمُ، وَيُظْهَرَ الرِّثَا، وَتَشْرَبَ الْخَمْرُ، وَيَقْبَلَ الرَّجَالُ، وَيَكْتَفِرُ النِّسَاءُ، حَتَّى يَكُونَ لِخَمْسِينَ امْرَأَةً قِيمُهُنَّ رَجُلٌ وَاحِدٌ -

৫১৭৭ মুসলিম ইব্ন ইব্রাহীম (র)..... আনাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন : আমি রাসূলুল্লাহ ﷺ -এর কাছ থেকে এমন একটি হাদীস শুনেছি, যা আমি ব্যতীত অন্য কেউ তোমাদের বর্ণনা করবেন না। তিনি বলেন, কিয়ামতের লক্ষণসমূহের কতক হল : অজ্ঞতা প্রকাশ পাবে, ইল্ম (দীনী) কমে যাবে, ব্যভিচার প্রকাশ্য হতে থাকবে, মদ্যপানের ছড়াছড়ি চলবে, পুরুষের সংখ্যা কমে যাবে আর নারীদের সংখ্যা বেড়ে যাবে, শেষ অবধি অবস্থা এমন দাঁড়াবে যে, পঞ্চাশ জন নারীর জন্য তাদের পরিচালক হবে একজন পুরুষ।

৫১৭৮ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ أَخْبَرَنِي يُونُسُ عَنْ ابْنِ شِهَابٍ قَالَ سَمِعْتُ أَبَا سَلَمَةَ بْنَ عَبْدِ الرَّحْمَنِ وَأَبْنَ الْمُسَيْبِ يَقُولَانِ قَالَ أَبُو هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ إِنَّ النَّبِيَّ ﷺ قَالَ لَا يَزْنِي جَيْنَ يَزْنِي وَهُوَ مُؤْمِنٌ، وَلَا يَشْرَبُ الْخَمْرَ حِينَ يَشْرَبُهَا وَهُوَ مُؤْمِنٌ، وَلَا يَسْرِقُ السَّارِقُ حِينَ يَسْرِقُ وَهُوَ مُؤْمِنٌ * قَالَ ابْنُ شِهَابٍ وَأَخْبَرَنِي عَبْدُ الْمَلِكِ بْنُ أَبِي بَكْرٍ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْحَارِثِ بْنِ هِشَامٍ أَنَّ أَبَا بَكْرٍ كَانَ يُحَدِّثُهُ عَنْ أَبِي هُرَيْرَةَ ثُمَّ يَقُولُ كَانَ أَبُو بَكْرٍ يَلْحَقُ مَعَهُنَّ وَلَا يَنْتَهَبُ نَهْيَهُ ذَاتَ شَرَفٍ يَرْفَعُ النَّاسَ إِلَيْهِ أَبْصَارَهُمْ فِيهَا حِينَ يَنْتَهَبُهَا وَهُوَ مُؤْمِنٌ -

৫১৭৮ আহমাদ ইব্ন সালিহ (র) আবু হুরায়রা (রা) থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ ﷺ বলেছেন : ব্যভিচারী ব্যভিচার করার সময়ে মুমিন থাকে না, মদ পানকারী মদ পান করার সময়ে মুমিন থাকে না। চোর চুরি করার সময়ে মুমিন থাকে না। ইব্ন শিহাব বলেন : আবদুল মালিক ইব্ন আবু বকর ইব্ন আবদুর রহমান ইব্ন হারিস ইব্ন হিশাম আমাকে জানিয়েছে যে, আবু বকর (রা) এ হাদীসটি আবু হুরায়রা (রা) থেকে বর্ণনা করেছেন। এরপর তিনি বলেন, আবু বকর উপরোক্ত হাদীসের সংগে এটিও সংযুক্ত করতেন যে, ছিন্তাইকারী এমন মূল্যবান জিনিস, যার দিকে লোকজন চোখ উঁচিয়ে তাকিয়ে থাকে, তা ছিন্তাই করার সময়ে মু'মিন থাকে না।

২২২১. بَابُ الْخَمْرِ مِنَ الْعَيْبِ

২২২১. পরিচ্ছেদঃ আঙ্গুর থেকে তৈরি মদ

৫১৭৭ حَدَّثَنَا الْحَسَنُ بْنُ صَبَّاحٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَابِقٍ حَدَّثَنَا مَالِكُ بْنُ أَنَسٍ مَوْلَى عَنِ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ لَقَدْ حُرِّمَتِ الْخَمْرُ وَمَا بِالْمَدِينَةِ مِنْهَا شَيْءٌ -

৫১৭৯ হাসান ইবন সাকাহ (রা) ইবন উমর (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, মদ হারাম ঘোষিত হয়েছে এমতাবস্থায় যে, মদীনায় আঙ্গুরের মদের তেমন কিছু অবশিষ্ট ছিল না।

৫১৮০ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ حَدَّثَنَا أَبُو شَيْهَابٍ عَبْدُ رَبِّهِ بْنِ نَافِعٍ عَنِ يُونُسَ عَنْ ثَابِتِ الْبُنَانِيِّ عَنْ أَنَسِ قَالَ حُرِّمَتْ عَلَيْنَا الْخَمْرُ حِينَ حُرِّمَتْ ، وَمَا نَجِدُ يَعْنِي بِالْمَدِينَةِ خَمْرُ الْأَعْنَابِ إِلَّا قَلِيلًا ، وَعَامَّةُ خَمْرِنَا الْبُسْرُ وَالتَّمْرُ -

৫১৮০ আহমাদ ইবন ইউনুস (রা)..... আনাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, যখন আমাদের উপর মদ হারাম ঘোষিত হল, তখন আমরা মদীনায় আঙ্গুর থেকে প্রস্তুতকৃত মদ অনেক কম পেতাম। সাধারণতঃ আমাদের মদ ছিল কাঁচা ও পাকা খেজুর থেকে তৈরী।

৫১৮১ حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا يَحْيَى عَنْ أَبِي حَيَّانٍ حَدَّثَنَا عَامِرٌ عَنِ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ عُمَرُ عَلَى الْمَيْتَرِ ، فَقَالَ أَمَا بَعْدُ ، نَزَلَ تَحْرِيمُ الْخَمْرِ وَهِيَ مِنْ خَمْسَةِ . الْعَيْبِ وَالتَّمْرِ وَالْعَسَلِ وَالْحِنْطَةِ وَالشَّعِيرِ ، وَالْخَمْرُ مَا خَامَرَ الْعَقْلَ -

৫১৮১ মুসাদ্দাদ (রা)..... ইবন উমর (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, উমর (রা) মিম্বরের উপর দাঁড়িয়ে বলেন : (হামদ ও সালাতের পর জেনে রাখ) মদ হারাম হওয়ার আয়াত নাযিল হয়েছে। আর তা তৈরী হয় পাঁচ প্রকারের জিনিস থেকে : আঙ্গুর, খেজুর, মধু, গম, ও যব। আর মদ হল তাই, যা বিবেক-বুদ্ধিকে বিলোপ করে দেয়।

২২২২. بَابُ نَزْلِ تَحْرِيمِ الْخَمْرِ وَهِيَ مِنَ الْبُسْرِ وَالتَّمْرِ

২২২২. পরিচ্ছেদ : মদ হারাম হওয়ার আয়াত নাযিল হয়েছে এবং তা তৈরি হত কাঁচা ও পাকা খেজুর থেকে

৫১৮২ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَبْدِ اللَّهِ قَالَ حَدَّثَنِي مَالِكُ بْنُ أَنَسٍ عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كُنْتُ أَسْقِيُ أَبَا عُبَيْدَةَ وَأَبَا طَلْحَةَ وَأَبِي بَنٍ كَفَبَ مِنْ قَضِيحٍ زَهْرٍ وَتَمْرٍ فَجَاءَهُمْ أَنِ فَقَالَ إِنَّ الْخَمْرَ قَدْ حُرِّمَتْ فَقَالَ أَبُو طَلْحَةَ قُمْ يَا أَنَسُ فَأَهْرِقْهَا فَأَهْرِقْهَا -

৫১৮২ ইসমাইল ইব্ন আবদুল্লাহ (র) আনাস ইব্ন মালিক (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আবু উবায়দা, আবু তালহা ও উবাই ইব্ন কাব (রা) কে কাঁচা ও পাকা খেজুর থেকে তৈরী মদ পান করতে দিয়েছিলাম। এমন সময়ে তাদের নিকট জনৈক আগন্তুক এসে বলল, মদ হারাম ঘোষিত হয়ে গেছে। তখন আবু তালহা (রা) বললেন হে আনাস দাঁড়াও এবং এগুলো ঢেলে দাও। আমি সেগুলো তখন ঢেলে দিলাম।

৫১৮৩ حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا مُعْتَمَرٌ عَنْ أَبِيهِ قَالَ قَالَ سَمِعْتُ أَنَسًا قَالَ كُنْتُ قَائِمًا عَلَى الْخَمِيِّ اسْتَقِيمَهُمْ عُمُومِيَّيَ وَأَنَا أَصْغَرُهُمُ الْفَضِيخَ ، فَقِيلَ حَرِّمْتَ الْخَمْرُ ، فَقَالُوا أَكْفَيْتَهَا فَكَفَانَا ، قُلْتُ لِأَنْسٍ مَا شَرَّاهُمْ؟ قَالَ رَطْبٌ وَبَسْرٌ ، فَقَالَ أَبُو بَكْرٍ بْنُ أَنَسٍ ، وَكَانَتْ خَمْرُهُمْ فَلَمْ يُنْكِرْ أَنَسٌ * وَحَدَّثَنِي بَعْضُ أَصْحَابِي أَنَّهُ سَمِعَ أَنَسًا يَقُولُ كَانَتْ خَمْرُهُمْ يَوْمَئِذٍ -

৫১৮৩ মুসাদ্দাদ (র)..... মু'তামির তার পিতার সূত্রে আনাস (রা) থেকে বর্ণনা করেন যে, তিনি আনাস (রা)-কে বলতে শুনেছেন : একটি আসরে দাঁড়িয়ে আমি তাদের অর্থাৎ চাচাদের 'ফাযীখ' অর্থাৎ কাঁচা ও পাকা খেজুর থেকে তৈরী মদ পান করাচ্ছিলাম। তখন আমি ছিলাম সকলের ছোট। এমন সময় বলা হল: মদ হারাম হয়ে গেছে। তখন তাঁরা বললেন : তা ঢেলে দাও। সুতরাং আমি তা ঢেলে দিলাম। রাবী বলেন, আমি আনাস (রা) কে বললাম : তাঁদের শরাব কি ধরনের ছিল? তিনি উত্তর দিলেন : কাঁচা ও পাকা খেজুর থেকে তৈরী। তখন আনাস (রা)-এর পুত্র আবু বকর (যিনি তখন উপস্থিত ছিলেন) বললেন : সেটিই কি ছিল তাদের মদ? জবাবে আনাস (রা) কোন অসম্মতি প্রকাশ করলেন না। রাবী সুলায়মান আরো বলেন, আমার কতিপয় সংগী আমাকে বর্ণনা করেছেন যে, তাঁরা আনাস (রা) থেকে শুনেছেন তিনি বলেছেন, এককালে এটিই ছিল তাদের মদ।

৫১৮৪ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَبِي بَكْرٍ الْمُقَدَّمِيُّ حَدَّثَنَا يُونُسُ بْنُ مَعْشَرٍ الْبِرَاءُ قَالَ سَمِعْتُ سَعِيدَ بْنَ عُبَيْدِ اللَّهِ قَالَ حَدَّثَنِي بَكْرُ بْنُ عَبْدِ اللَّهِ أَنَّ أَنَسَ بْنَ مَالِكٍ حَدَّثَهُمْ أَنَّ الْخَمْرَ حُرِّمَتْ وَالْخَمْرُ يَوْمَئِذٍ الْبَسْرُ وَالْتَمْرُ -

৫১৮৪ মুহাম্মদ ইব্ন আবু বকর মুকাদ্দমী (র)..... আনাস ইব্ন মালিক (রা) থেকে বর্ণিত যে, তিনি তাদের কাছে বর্ণনা করেছেন, মদ হারাম ঘোষণা করা হয়েছে। আর এককালে মদ তৈরী হত কাঁচা ও পাকা খেজুর থেকে।

২২২৩ . بَابُ الْخَمْرِ مِنَ الْعَسَلِ وَهُوَ الْبَيْعُ ، وَقَالَ مَعْنُ سَأَلْتُ مَالِكَ بْنَ أَنَسٍ عَنِ الْفُقَاعِ فَقَالَ إِذَا لَمْ يُسْكِرْ فَلَا بَأْسَ ، وَقَالَ ابْنُ الدَّرَاوَرْدِيِّ ، سَأَلْنَا عَنْهُ فَقَالُوا لَا يُسْكِرُ لَا بَأْسَ بِهِ

২২২৩. পরিচ্ছেদ : মধু তৈরী মদ । এটিকে পরিভাষায় 'বিতা' বলে । মান (র) বলেন, আমি মালিক ইবন আনাসকে 'ফুককা' সম্পর্কে জিজ্ঞাসা করেছি । তিনি বলেছেন : যদি তা নেশাগ্রস্ত না করে তাহলে কোন ক্ষতি নেই । ইবন দারাওয়ারদী বলেন, আমরা এ ব্যাপারে অনেককে জিজ্ঞাসা করেছি, তখন তারা বলেছেন, নেশাগ্রস্ত না করলে তাতে আপত্তি নেই

৫১৮৫ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ يُوسُفَ أَخْبَرَنَا مَالِكٌ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ عَائِشَةَ قَالَتْ سُئِلَ رَسُولُ اللَّهِ ﷺ عَنِ الْبِتْعِ ، فَقَالَ كُلُّ شَرَابٍ أَسْكُرُ فَهُوَ حَرَامٌ -

৫১৮৫ আবদুল্লাহ ইবন ইউসুফ..... আয়েশা (রা) থেকে বর্ণিত । তিনি বলেন, রাসূলুল্লাহ ﷺ কে 'বিতা' সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল । তিনি বললেন : সব নিশা জাতীয় পানীয় হারাম ।

৫১৮৬ حَدَّثَنَا أَبُو الْيَمَانِ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنِ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ سُئِلَ رَسُولُ اللَّهِ ﷺ عَنِ الْبِتْعِ وَهُوَ نَبِيدُ الْعَسَلِ ، وَكَانَ أَهْلُ الْيَمَنِ يَشْرَبُونَهُ فَقَالَ رَسُولُ اللَّهِ ﷺ كُلُّ شَرَابٍ أَسْكُرُ فَهُوَ حَرَامٌ * وَعَنِ الزُّهْرِيِّ قَالَ حَدَّثَنِي أَنَسُ بْنُ مَالِكٍ أَنَّ رَسُولَ اللَّهِ ﷺ قَالَ لَا تَتَّبِدُوا فِي الدُّبَاءِ وَلَا فِي الْمُرْتِ وَكَانَ أَبُو هُرَيْرَةَ يَلْحَقُ مَعَهَا الْحَتَمَ وَالْقَيْرَ -

৫১৮৬ আবুল ইয়ামান (র)..... আয়েশা (রা) থেকে বর্ণিত । তিনি বলেন, রাসূলুল্লাহ ﷺ কে 'বিতা' সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল । 'বিতা' হল মধু থেকে তৈরী নাবীয । ইয়ামানের অধিবাসীরা তা পান করত । তখন রাসূলুল্লাহ ﷺ বলেন : যে সব পানীয় দ্রব্য নেশার সৃষ্টি করে তা-ই হারাম । যুহরী থেকে বর্ণিত । তিনি বলেন, আনাস ইবন মালিক (রা) আমাকে খবর দিয়েছেন যে, রাসূলুল্লাহ ﷺ বলেছেন : তোমরা দুব্বা (কদূর খোল) এর মধ্যে নাবীয তৈরী করবে না, মুযাফফাতের (আলকাতরা যুক্ত পাত্র) মধ্যেও নয় । যুহরী বলেন, আবু হুরায়রা (রা) এগুলোর সংগে হান্তাম (মাটির সবুজ পাত্র) ও নাকীরের (খেজুর বৃক্ষের মূলের খোল) কথাও সংযুক্ত করতেন ।

২২২৪ . بَابُ مَا جَاءَ فِي أَنْ الْخَمْرُ مَا خَامَرَ الْعَقْلَ مِنَ الشَّرَابِ

২২২৪. পরিচ্ছেদ : মদ এমন পানীয় দ্রব্য যা বিবেক বিলোপ করে দেয়

৫১৮৭ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ أَبِي رَجَاءٍ حَدَّثَنَا يَحْيَى عَنْ أَبِي حَيَّانِ التَّمِيمِيِّ عَنِ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ خَطَبَ عُمَرُ عَلَى مِثْرٍ رَسُولِ اللَّهِ ﷺ فَقَالَ إِنَّهُ قَدْ نَزَلَ تَحْرِيمُ الْخَمْرِ وَهِيَ مِنْ خَمْسَةِ أَشْيَاءَ الْبُرِّ وَالنَّمْرِ وَالْحَمِطَةِ وَالشُّعْبِ وَالْعَقْلُ وَالْعَقْلُ مَا خَامَرَ الْعَقْلَ وَثَلَاثٌ وَوَدِدْتُ أَنْ رَسُولَ اللَّهِ ﷺ لَمْ يُفَارِقْنَا حَتَّى يَعْهَدَ إِلَيْنَا عَهْدًا الْجَدُّ وَالْكَوَالَةُ

وَأَبْوَابُ مِنْ أَبْوَابِ الرَّبِّ ، قَالَ قُلْتُ يَا أَبَا عَمْرٍو فَنَشِيءٌ يُصْنَعُ بِالسِّنْدِ مِنَ الرُّزِّ ، قَالَ ذَلِكَ لَمْ
يَكُنْ عَلَى عَهْدِ النَّبِيِّ ﷺ أَوْ قَالَ عَلَى عَهْدِ عُمَرَ * وَقَالَ حَجَّاجٌ عَنْ حَمَّادٍ عَنْ أَبِي حَسَلَةَ
الْعَنْبِ الرَّيْبِ -

[৫১৮৭] আহমাদ ইব্ন আবু রাজা (রা) ইব্ন উমর (রা) থেকে বর্ণিত। তিনি বলেন : উমর (রা) মিশরের উপর দাঁড়িয়ে খুত্বা দিতে গিয়ে বললেন, নিশ্চয় মদ হারাম সম্পর্কীয় আয়াত নাযিল হয়েছে। আর তা তৈরি হয় পাঁচটি বস্তু থেকে : আসুর, খেজুর, গম, যব ও মধু। আর খামর (মদ) হল তা, যা বিবেক বিলোপ করে দেয়। আর তিনটি এমন বিষয় আছে যে, আমি চাইছিলাম যেন রাসূলুল্লাহ ﷺ আমাদের কাছে সেগুলো স্পষ্টভাবে বর্ণনা করা পর্যন্ত তিনি যেন আমাদের নিকট হতে বিচ্ছিন্ন না হয়ে যান। বিষয়গুলো হল, দাদা এর মীরাস, কাললা-এর ব্যাখ্যা এবং সুদের প্রকার সমূহ। রাবী আবু হাইয়ান বলেন, আমি বললামঃ হে আবু আমর! এক প্রকারের পানীয় জিনিস যা সিন্ধু অঞ্চলে চাউল দিয়ে তৈরি করা হয়, তার হুকুম কি? তিনি বললেন : সেটি নবী ﷺ -এর আমলে ছিল না। কিংবা তিনি বলেছেন : সেটি উমর (রা)-এর আমলে ছিল না। হাম্মাদ সূত্রে আবু হাইয়ান থেকে হাজ্জাজُ الْعَنْبِ الرَّيْبِ এর স্থলে الرَّيْبِ কিসমিস বলেছেন।

[৫১৮৮] حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي السَّفَرِ عَنِ الشَّعْبِيِّ عَنْ ابْنِ
عُمَرَ عَنْ عُمَرَ قَالَ الْخَمْرُ يُصْنَعُ مِنْ خَمْسَةٍ مِنَ الرَّيْبِ وَالتَّمْرِ وَالْجِنْطَةِ وَالشَّعِيرِ وَالْعَسَلِ -

[৫১৮৮] হাফস ইব্ন উমর (রা)..... উমর (রা) থেকে বর্ণিত। তিনি বলেছেন, মদ তৈরী করা হয় পাঁচটি জিনিস থেকে। সে গুলো হল : কিসমিস, খেজুর, গম, যব ও মধু।

۲۲۲۵ . بَابُ مَا جَاءَ فِيمَنْ يَسْتَجِلُّ الْخَمْرَ وَيَسْمِيهِ بِغَيْرِ اسْمِهِ

২২২৫. পরিচ্ছেদ : যে ব্যক্তি মদকে ভিন্ন নামে নামকরণ করে হালাল মনে করে

[৫১৮৯] حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ حَدَّثَنَا صَدَقَةُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ يَزِيدَ بْنِ جَابِرٍ
حَدَّثَنَا عَطِيَّةُ بْنُ قَيْسِ الْكِلَابِيِّ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ غَنَمِ الْأَشْعَرِيِّ قَالَ حَدَّثَنِي أَبُو عَامِرٍ أَوْ
أَبُو مَالِكِ الْأَشْعَرِيُّ وَاللَّهِ مَا كَذَّبَنِي سَمِعَ النَّبِيَّ ﷺ يَقُولُ لَيَكُونَنَّ مِنْ أُمَّتِي أَقْوَامٌ يَسْتَجِلُّونَ
الْحَيْرَ وَالْحَرِيرَ وَالْخَمْرَ وَالْمَعَارِفَ وَلَيَنْزِلَنَّ أَقْوَامٌ إِلَيَّ حَتَّى يَرُوحَ عَلَيْهِمْ بِسَارِحَةٍ لَهُمْ
يَأْتِيهِمْ بِغَيْرِ الْحَاجَةِ يَقُولُونَ رَجِعْ إِلَيْنَا عَدَا نَفْسِنَا اللَّهُ وَصَلَّى اللَّهُ عَلَيْهِمْ مِنْ آخِرِينَ
قِرْدَةً وَخَنَازِيرَ إِلَى يَوْمِ الْقِيَامَةِ -

৫১৮৯ হিশাম ইব্ন আম্মার (রা) আবদুর রহমান ইব্ন গানাম আশ'আরী (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আমার নিকট আবু আমের কিংবা আবু মালেক আশ'আরী বর্ণনা করেছেন। আল্লাহর কসম! তিনি আমার কাছে মিথ্যে কথা বলেন নি। তিনি নবী ﷺ কে বলতে শুনেছেন : আমার উম্মতের মাঝে অবশ্যই এমন কতগুলো দলের সৃষ্টি হবে, যারা ব্যভিচার, রেশমী কাপড়, মদ ও বাদ্যযন্ত্রকে হালাল জ্ঞান করবে। অনুরূপভাবে এমন অনেক দল হবে, যারা পর্বতের কিনারায় বসবাস করবে, বিকাল বেলায় যখন তারা পশুপাল নিয়ে ফিরবে তখন তাদের কাছ কোন অভাব নিয়ে ফকীর আসলে তারা উত্তর দেবে, আগামী দিন সকালে তুমি আমাদের নিকট এসো। এদিকে রাতের অন্ধকারেই আল্লাহ তাদের ধুংস করে দেবেন। পর্বতটি ধসিয়ে দেবেন, আর অবশিষ্ট লোকদের তিনি কিয়ামত দিবস পর্যন্ত বানর ও শূকর বানিয়ে রাখবেন।

২২২৬. بَابُ الْإِنْبِازِ فِي الْأَوْعِيَةِ وَالْتَوْرِ

২২২৬. পরিচ্ছেদ : বড় ও ছোট পাত্রে 'নাবীয' তৈরি করা

৫১৯০ حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِي حَازِمٍ قَالَ سَمِعْتُ سَهْلًا يَقُولُ أَتَى أَبُو أُسَيْدٍ السَّاعِدِيُّ فَذَعَا رَسُولَ اللَّهِ ﷺ فِي عُرْسِهِ، فَكَانَتْ امْرَأَتُهُ خَادِمَتَهُمْ وَهِيَ الْعُرُوسُ قَالَ أَتَدْرُونَ مَا سَمِعْتُ رَسُولَ اللَّهِ ﷺ أَنْقَعْتُ لَهُ ثَمَرَاتٍ مِنَ اللَّيْلِ فِي تَوْرٍ -

৫১৯০ কুতায়বা ইব্ন সাঈদ (র)..... সাহল (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আবু উসায়দ সাঈদী (রা) এসে রাসূলুল্লাহ ﷺ কে তাঁর বিয়ের অনুষ্ঠানে দাওয়াত দিলেন। তখন তাঁর স্ত্রী নববধু ছিলেন। তাঁদের মধ্যে পরিবেশনকারিণী সে নববধু বলেন, তোমরা কি জান আমি রাসূলুল্লাহ ﷺ কে কি জিনিস পান করতে দিয়েছিলাম? (তিনি বলেন) আমি রাতেই কয়েকটি খেজুর একটি পাত্রের মধ্যে ভিজিয়ে রেখেছিলাম।

২২২৭. بَابُ تَرْخِيصِ النَّبِيِّ ﷺ فِي الْأَوْعِيَةِ وَالظَّرُوفِ بَعْدَ النَّهْيِ

২২২৭. পরিচ্ছেদ : বিভিন্ন ধরনের বরতন ও পাত্র ব্যবহার নিষেধ করার পর নবী ﷺ -এর পক্ষ থেকে পুনঃ অনুমতি প্রদান

৫১৯১ حَدَّثَنَا يُونُسُ بْنُ مُوسَى حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ أَبُو أَحْمَدَ الزُّبَيْرِيُّ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ مَنْصُورٍ عَنْ سَالِمٍ عَنْ جَابِرِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ نَهَى رَسُولُ اللَّهِ ﷺ عَنِ الظَّرُوفِ فَقَالَتِ الْأَنْصَارُ إِنَّهُ لَا يَبَدُّ لَنَا مِنْهَا قَالَ فَلَا إِذَا * وَقَالَ الْخَلِيفَةُ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ مَنْصُورٍ عَنْ سَالِمِ بْنِ أَبِي الْحَكَمِ بِهَذَا -

৫১৯১ ইউনুফ ইব্ন মুসা (র)..... জাবির (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ ﷺ কতগুলো পাত্রের ব্যবহার নিষিদ্ধ করেন। তখন আনসারগণ বললেন : সেগুলো ব্যতীত আমাদের

কোন উপায় নেই। তিনি বললেন : তাহলে ব্যবহার করতে পার। খলীফা (রা) বলেন, ইয়াহুইয়া ইবন সাদ্দ আমাদের কাছে সুফিয়ান, মানসূর, সালিম ইবন আবুল জাদ-জাবির (র) থেকে এরূপ বর্ণনা করেন।

৫১৭২ حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ سُلَيْمَانَ بْنِ أَبِي مُسْلِمٍ الْأَخْوَاصِيِّ عَنْ مُجَاهِدٍ عَنْ أَبِي عِيَّاضٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ لَمَّا نَهَى النَّبِيُّ ﷺ عَنِ الْأَسْقِيَةِ قِيلَ لِلنَّبِيِّ ﷺ لَيْسَ كُلُّ النَّاسِ يَجِدُ سِقَاءً فَرَخَّصَ لَهُمْ فِي الْحَرِّ غَيْرَ الْمَرْفُتِ -

৫১৯২ আলী ইবন আবদুল্লাহ (র)..... আবদুল্লাহ ইবন আমর (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, যখন নবী ﷺ এক ধরনের পাত্রের ব্যবহার নিষিদ্ধ করলেন, তখন নবী ﷺ কে বলা হল, সব মানুষের নিকট তো মশক মওজুদ নেই। ফলে নবী ﷺ তাদের কলসীর জন্য অনুমতি দেন, তবে আলকাতরার প্রলেপ দেওয়া পাত্রের জন্য অনুমতি দেননি।

৫১৭৩ حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا يَحْيَى عَنْ سُفْيَانَ حَدَّثَنِي سُلَيْمَانُ عَنْ إِبْرَاهِيمَ التَّمِيمِيِّ عَنْ الْحَارِثِ بْنِ سُوَيْدٍ عَنْ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ نَهَى النَّبِيُّ ﷺ عَنِ الدُّبَاءِ وَالْمَرْفُوتِ - حَدَّثَنَا عُثْمَانُ حَدَّثَنَا جَرِيرٌ عَنِ الْأَعْمَشِ هَذَا -

৫১৯৩ মুসাদ্দাদ (র)..... আলী (রা) থেকে বর্ণিত। নবী ﷺ দুব্বা ও মুযাফ্ফাত ব্যবহার করতে নিষেধ করেছেন। উসমান (র) বলেন, জারীর (র) আ'মাশ (র) সূত্রে অনুরূপ বর্ণনা করেছেন।

৫১৭৪ حَدَّثَنِي عُثْمَانُ حَدَّثَنَا جَرِيرٌ عَنْ مَنْصُورٍ عَنْ إِبْرَاهِيمَ قُلْتُ لِلْأَسْوَدِ هَلْ سَأَلْتُ عَائِشَةَ أُمَّ الْمُؤْمِنِينَ عَمَّا يَكْرَهُ أَنْ يُتَّبَدَ فِيهِ فَقَالَ نَعَمْ قُلْتُ يَا أُمَّ الْمُؤْمِنِينَ عَمَّا نَهَى النَّبِيُّ ﷺ أَنْ يُتَّبَدَ فِيهِ قَالَتْ نَهَانَا فِي ذَلِكَ أَهْلُ الْبَيْتِ أَنْ تُتَّبَدَ فِي الدُّبَاءِ وَالْمَرْفُوتِ ، قُلْتُ أَمَا ذَكَرْتِ الْحَرَّ وَالْحَتَمَ قَالَ إِنَّمَا أَحَدَيْتُكَ مَا سَمِعْتُ أَحَدًا مِمَّا لَمْ أَسْمَعْ -

৫১৯৪ উসমান (র)..... ইব্রাহীম (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আসওয়াদকে জিজ্ঞাসা করলাম যে, আপনি কি উম্মুল মু'মিনীন আয়েশা (রা) কে জিজ্ঞাসা করেছিলেন যে, কোন্ কোন্ পাত্রের মধ্যে 'নাবীয' তৈরি করা মাকরুহ। তিনি উত্তর করলেন : হ্যাঁ। আমি বলেছিলাম, হে উম্মুল মু'মিনীন! কোন্ কোন্ পাত্রের মধ্যে নবী ﷺ নাবীয তৈরি করতে নিষেধ করেছেন? তখন তিনি বললেন : নবী ﷺ আমাদের অর্থাৎ আহলে বায়তকে দুব্বা ও মুযাফ্ফাত নামক পাত্রে নাবীয তৈরি করতে নিষেধ করেছেন। (ইব্রাহীম বলেন) আমি বললাম : আয়েশা (রা) কি জাহ্ন (মাটির কলসী) হানতাম (মাটির সবুজ পাত্র) নামক পাত্রের কথা উল্লেখ করেন নি? তিনি বললেন : আমি যা শুনেছি কেবল তাই তোমাকে বর্ণনা করেছি। আমি যা শুনি নাই তাও কি আমি তোমাদের কাছে বর্ণনা করবো?

৫১৭৫ حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ حَدَّثَنَا الشَّيْبَانِيُّ قَالَ سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنِ أَبِي أَوْفَى رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ قَالَ نَهَى النَّبِيُّ ﷺ عَنِ الْحَرِّ الْأَخْضَرِ ، قُلْتُ أَنْشَرَبُ فِي الْأَيْضِ؟ قَالَ لَا -

৫১৯৫ মুসা ইবন ইসমাইল (র)..... আবদুল্লাহ ইবন আবু আওফা (রা) কে বলতে শুনেছেন, তিনি বলেন, নবী ﷺ সবুজ বর্ণের কলসী ব্যবহার করতে নিষেধ করেছেন। আমি বললাম : তাহলে সাদা বর্ণের পাত্রে (নাবীয) পান করা যাবে কি? তিনি বললেন : না।

২২২৮ . بَابُ تَقْيِيعِ التَّمْرِ مَا لَمْ يُسْكِرْ

২২২৮. পরিচ্ছেদ : শুকনো খেজুরের রস যতক্ষণ না তা নেশার সৃষ্টি করে

৫১৭৬ حَدَّثَنَا يَحْيَى بْنُ بُكَيْرٍ حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْقَارِيُّ عَنْ أَبِي حَارِمٍ قَالَ سَمِعْتُ سَهْلَ بْنَ سَعْدٍ أَنْ أَبَا أُسَيْدٍ السَّاعِدِيِّ دَعَا النَّبِيَّ ﷺ لِعُرْسِيهِ ، فَكَانَتْ امْرَأَتُهُ خَادِمَتَهُمْ يَوْمَئِذٍ وَهِيَ الْعَرُوسُ فَقَالَتْ مَا تَدْرُونَ مَا أَنْقَعْتُ لِرَسُولِ اللَّهِ ﷺ أَنْقَعْتُ لَهُ تَمْرَاتٍ مِنَ اللَّيْلِ فِي تَوْرٍ -

৫১৯৬ ইয়াহুইয়া ইবন বুকার (র)..... সাহল ইবন সাদ (র) থেকে বর্ণিত যে, আবু উসায়দ সাঈদী (রা) নবী ﷺ কে তাঁর ওলীমা অনুষ্ঠানে দাওয়াত করেছিলেন। সে দিন তার স্ত্রী নববধু অবস্থায় সবার খেদমতে নিয়োজিত ছিলেন। তিনি বললেন : আপনারা কি জানেন, আমি রাসূলুল্লাহ ﷺ কে কিসের রস পান করতে দিয়েছিলাম? আমি তাঁর জন্য রাতেই কয়েকটি খেজুর একটি পাত্রে ভিজিয়ে রেখেছিলাম।

২২২৭ . بَابُ الْبَادِقِ وَمَنْ نَهَى عَنْ كُلِّ مُسْكِرٍ مِنَ الْأَشْرَبِ ، وَرَأَى عُمَرُ وَأَبُو عَيْنِيدَةَ وَمَعَاذُ شَرِبَ الطَّلَاءَ عَلَى الثَّلْثِ وَشَرِبَ الْبِرَاءَ وَأَبُو جُحَيْفَةَ عَلَى التَّصْفِ وَقَالَ ابْنُ عَبَّاسٍ اشْرَبَ الْعَصِيرَ مَا دَامَ طَرِيًّا وَقَالَ عُمَرُ وَجَدْتُ مِنْ عَيْنِيدِ اللَّهِ رِيحَ شَرَابٍ وَأَنَا سَلِيلٌ عَنْهُ فَإِنْ كَانَ يُسْكِرُ جَلَدَتْهُ

২২২৯. পরিচ্ছেদ : 'বায়াক' (অর্থাৎ আঙ্গুরের সামান্য পাকানো রস)-এর বর্ণনা। এবং যারা নেশার উদ্বেককারী যাবতীয় পানীয় নিষিদ্ধ বলেন তার বর্ণনা। উমর, আবু উবায়দা ও মু'আয (রা) 'তिला' অর্থাৎ আঙ্গুরের ঘোরসকে পাকিয়ে এক-তৃতীয়াংশ করা হয়েছে, তা পান করা জায়েয মনে করেন। বার ও আবু জুহায়ফা (রা) পাকিয়ে অর্ধেক থাকাবস্থায় রস পান করেছেন। ইবন আব্বাস (রা) বলেছেন : আমি তাজা অবস্থায় থাকা পর্যন্ত আঙ্গুরের রস পান করেছি। উমর (রা) বলেছেন : আমি

উবায়দুল্লাহর মুখ থেকে শরাবের ঘ্রাণ পেয়েছি এবং তাকে এ ব্যাপারে জিজ্ঞাসাও করেছি। যদি তা নেশার সৃষ্টি করত, তাহলে আমি বেত্রাঘাত করতাম।

৫১৭৭ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ أَخْبَرَنَا سُفْيَانُ عَنْ أَبِي الْحُوَيْرِيَّةِ قَالَ سَأَلْتُ ابْنَ عَبَّاسٍ عَنِ الْبَاقِ فَقَالَ سَبَقَ مُحَمَّدٌ ﷺ الْبَاقِ فَمَا أَسْكَرَ فَهُوَ حَرَامٌ ، قَالَ الشَّرَابُ الْحَلَالُ الطَّيِّبُ ، قَالَ لَيْسَ بَعْدَ الْحَلَالِ الطَّيِّبِ إِلَّا الْحَرَامُ الْخَبِيثُ -

৫১৯৭ মুহাম্মদ ইবন কাসীর (র)..... আবুল জুওয়ায়রিয়া (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি ইবন আব্বাস (রা)-কে 'বায়াক' সম্পর্কে প্রশ্ন করেছিলাম। তিনি উত্তর দিলেন : মুহাম্মদ ﷺ 'বায়াক' উৎপাদনের পূর্বে চলে গেছেন। কাজেই যে জিনিস নেশা সৃষ্টি করে থাকে তা-ই হারাম। তিনি বলেন : হালাল পানীয় পবিত্র। তিনি বলেন, হালাল ও পবিত্র পানীয় ব্যতীত অন্যান্য পানীয় ঘৃণ্য হারাম।

৫১৭৮ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ حَدَّثَنَا هِشَامُ بْنُ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنِ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ كَانَ النَّبِيُّ ﷺ يُحِبُّ الْحُلُوءَ وَالْعَسَلَ -

৫১৯৮ আবদুল্লাহ ইবন আবু শায়বা (র) আয়েশা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন : নবী ﷺ মিষ্টি ও মধু পছন্দ করতেন।

২২৩০ . بَابُ مَنْ رَأَى أَنْ لَا يَخْلِطَ الْبُسْرَ وَالتَّمْرَ إِذَا كَانَ مُسْكِرًا ، وَأَنْ لَا يَجْفَلَ

إِدَامِينَ فِي إِدَامٍ

২২৩০. পরিচ্ছেদ : যারা মনে করে নেশাদার হওয়ার পর কাঁচা ও পাকা খেজুর একত্রে মিলানো উচিত নয় এবং উভয়ের রসকে একত্রিত করা উচিত নয়।

৫১৭৯ حَدَّثَنَا مُسْلِمٌ حَدَّثَنَا هِشَامُ حَدَّثَنَا قَتَادَةُ عَنْ أَنَسِ بْنِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ إِبْنِي لِأَسْقِي أَبَدَ طَلْحَةَ وَ أَبَا دُجَانَةَ وَسُهَيْلَ بْنَ الْبَيْضَاءِ خَلِيطَ بُسْرٍ وَ تَمْرٍ إِذْ حُرِّمَتِ الْخَمْرُ فَقَذَفْتُهَا وَ أَنَا سَاقِيهِمْ وَأَصْغَرُهُمْ وَإِنَّا نَعُدُّهَا يَوْمَئِذٍ الْخَمْرَ * وَقَالَ عَمْرُو بْنُ الْحَارِثِ حَدَّثَنَا قَتَادَةُ سَمِعَ أَنَسًا -

৫১৯৯ মুসলিম (র)..... আনাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আবু তালহা, আবু দুজানা এবং সুহায়ল ইবন বায়দা (রা) কে কাঁচা ও শুকনো খেজুরের মিশ্রিত রস পান করাচ্ছিলাম। এ সময়ে মদ হারাম ঘোষিত হল, তখন আমি তা ফেলে দিলাম। আমি ছিলাম তাঁদের পরিবেশনকারী এবং

ভাঁদের সবার ছোট। আর সেকালে আমরা এটিকে মদ বলে গণ্য করতাম। আমার ইবন হারিস বলেনঃ কাতাদা (র) আমাদের নিকট عَنْ أَنَسٍ এর স্থলে أَنَسًا বর্ণনা করেছেন।

৫২০০ حَدَّثَنَا أَبُو عَاصِمٍ عَنِ ابْنِ جُرَيْجٍ أَخْبَرَنِي عَطَاءٌ أَنَّهُ سَمِعَ جَابِرًا رَضِيَ اللَّهُ عَنْهُ يَقُولُ نَهَى النَّبِيُّ ﷺ عَنِ الزَّيْبِ وَالتَّمْرِ وَالتَّبَسْرِ وَالرُّطْبِ -

৫২০০ আবু আসিম (র)..... জাবির (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ﷺ কিসমিস, শুকনো খেজুর, কাঁচা ও পাকা খেজুর মিশ্রণ করতে নিষেধ করেছেন।

৫২০১ حَدَّثَنَا مُسْلِمٌ حَدَّثَنَا هِشَامٌ أَخْبَرَنَا يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي قَتَادَةَ عَنْ أَبِيهِ قَالَ نَهَى النَّبِيُّ ﷺ أَنْ يَجْمَعَ بَيْنَ التَّمْرِ وَالتَّرَهُوِ وَالتَّمْرِ وَالتَّزْيَبِ وَالتَّزْيَبُ كُلُّ وَاحِدٍ مِنْهُمَا عَلَى حِدَةٍ -

৫২০১ মুসলিম (র)..... আবু কাতাদা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ﷺ খুরমা ও আধাপাকা খেজুর এবং খুরমা ও কিসমিস একত্রিত করতে নিষেধ করেছেন। আর এগুলো প্রত্যেকটিকে পৃথক পৃথকভাবে ভিজিয়ে 'নাবীয' তৈরি করা যাবে।

২২৩১ . بَابُ شُرْبِ اللَّبَنِ ، وَقَوْلِ اللَّهِ تَعَالَى : مِنْ بَيْنِ فَرْثٍ وَدَمٍ لَبْنَا خَالِصًا سَائِغًا لِلشَّارِبِينَ

২২৩১. পরিচ্ছেদ : দুধ পান করা। মহান আল্লাহর বাণী : ওদের উদরস্থিত গোবর ও রক্তের মধ্য থেকে পান করাই বিশুদ্ধ দুধ, যা পানকারীদের জন্য অত্যন্ত সুস্বাদু। সূরা নাহল : ৬৬।

৫২০২ حَدَّثَنَا عَبْدَانُ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ أَخْبَرَنَا يُونُسُ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيْبِ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ أَنَبِيُّ رَسُولِ اللَّهِ ﷺ لَيْلَةَ أُسْرِي بِهِ بِقَدْحٍ لَبْنٍ ، وَقَدَحٍ خَمْرٍ -

৫২০২ আবদান (র)..... আবু হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, যে রাতে রাসূলুল্লাহ ﷺ কে ভ্রমণ করানো হয় (মিরাজের রাতে), সে রাতে তাঁর সামনে পেশ করা হয়েছিল দুধের একটি পেয়লা এবং শরাবের একটি পেয়লা।

৫২০৩ حَدَّثَنَا الْحُمَيْدِيُّ سَمِعَ سُفْيَانَ أَخْبَرَنَا سَالِمٌ أَبُو النَّضْرِ أَنَّهُ سَمِعَ عُمَيْرًا مَوْلَى أُمِّ الْفَضْلِ يُحَدِّثُ عَنْ أُمِّ الْفَضْلِ قَالَتْ شَكَ النَّاسُ فِي صِيَامِ رَسُولِ اللَّهِ ﷺ يَوْمَ عَرَفَةَ ، فَأَرْسَلْتُ إِلَيْهِ بِإِنَاءٍ فِيهِ لَبْنٌ فَشَرِبَ ، فَكَانَ سُفْيَانُ رُبَّمَا قَالَ شَكَ النَّاسُ فِي صِيَامِ رَسُولِ اللَّهِ ﷺ يَوْمَ عَرَفَةَ فَأَرْسَلْتُ إِلَيْهِ أُمُّ الْفَضْلِ فَإِذَا وَقَفَ عَلَيْهِ قَالَ هُوَ عَنْ أُمِّ الْفَضْلِ -

৫২০৩ হুমায়দী (র)..... উম্মুল ফায়ল (রা) থেকে বর্ণিত। তিনি বলেন : আরাফার দিন রাসূলুল্লাহ ﷺ -এর সিয়াম আদায় করার ব্যাপারে লোকেরা সন্দেহ পোষণ করেন। তখন আমি তাঁর নিকট দুধ ভর্তি একটি পেয়ালা পাঠালাম। তিনি তা পান করলেন। বর্ণনাকারী সুফিয়ান অনেক সময় এভাবে বলতেন, আরাফার দিন রাসূলুল্লাহ ﷺ -এর সিয়াম আদায়ের ব্যাপারে লোকেরা সন্দেহ পোষণ করছিল। তখন উম্মুল ফায়ল (রা) তাঁর কাছে দুধ পাঠিয়ে দিলেন। হাদীসটি মাউসূল না মুবসাল, এ বিষয়ে তাঁকে জিজ্ঞাসা করা হলে তিনি বলেছেন, এটি উম্মুল ফায়ল (রা) থেকে বর্ণিত।

৫২০৪ حَدَّثَنَا قُتَيْبَةُ حَدَّثَنَا جَرِيرٌ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ وَأَبِي سَفْيَانَ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ جَاءَ أَبُو حُمَيْدٍ بِقَدَحٍ مِنْ لَبَنٍ مِنَ التَّقِيعِ ، فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ ﷺ أَلَا حَمْرَتُهُ وَلَوْ أَنْ تَعْرُضَ عَلَيْهِ عُوْدًا -

৫২০৪ কুতায়বা (রা)..... জাবির ইবন আবদুল্লাহ (রা)-থেকে বর্ণিত। তিনি বলেন, আবু হুমায়দ (রা) এক পাত্র দুধ নিয়ে আসলেন। রাসূলুল্লাহ ﷺ তাঁকে বললেন : এটিকে ঢেকে রাখলে না কেন? এর উপর একটি কাঠি দিয়ে হলেও ঢেকে রাখা উচিত ছিল।

৫২০৫ حَدَّثَنَا عُمَرُ بْنُ حَفْصٍ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا الْأَعْمَشُ قَالَ سَمِعْتُ أَبَا صَالِحٍ يَذْكُرُ أَرَاهُ عَنْ جَابِرِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ جَاءَ أَبُو حُمَيْدٍ رَجُلٌ مِنَ الْأَنْصَارِ مِنَ التَّقِيعِ بِإِنَاءٍ مِنْ لَبَنٍ إِلَى النَّبِيِّ ﷺ ، فَقَالَ رَسُولُ اللَّهِ ﷺ أَلَا حَمْرَتُهُ وَلَوْ أَنْ تَعْرُضَ عَلَيْهِ عُوْدًا * وَحَدَّثَنِي أَبُو سَفْيَانَ عَنْ جَابِرِ عَنِ النَّبِيِّ ﷺ بِهَذَا -

৫২০৫ উমর ইবন হাফস (র)..... জাবির (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আবু হুমায়দ (রা) নামক এক আনসারী নাকি' নামক স্থান থেকে এক পেয়ালা দুধ নিয়ে নবী ﷺ -এর নিকট আসলেন। তখন নবী ﷺ তাঁকে বললেন : এটিকে ঢেকে আননি কেন? এর উপর একটি কাঠি স্থাপন করে হলেও ঢেকে রাখা উচিত ছিল। আবু সুফিয়ান (র) এ হাদীসটি জাবির (রা) সূত্রে নবী ﷺ থেকে অনুরূপ বর্ণনা করেছেন।

৫২০৬ حَدَّثَنِي مُحَمَّدُ أَخْبَرَنَا النَّضْرُ أَخْبَرَنَا شُعْبَةُ عَنْ أَبِي إِسْحَاقَ قَالَ سَمِعْتُ الْبَرَاءَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَدِمَ النَّبِيُّ ﷺ مِنْ مَكَّةَ وَ أَبُو بَكْرٍ مَعَهُ قَالَ أَبُو بَكْرٍ مَرَرْنَا بِرَاعٍ وَ قَدْ عَطِشَ رَسُولُ اللَّهِ ﷺ قَالَ أَبُو بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ فَحَلَبْتُ كُتَيْبَةً مِنْ لَبَنٍ فِي قَدَحٍ فَشَرِبَ حَتَّى رَضِيَتُ وَأَنَا نَسِيفٌ لِي حُمْشٌ عَلَى فَرْسِي فَدَعَا عَلِيَّ بْنَ أَبِي طَالِبٍ إِلَى الْمِرْوَانَةِ أَنْ يَتَذَوَّرَ عَلَيْهِ ، وَأَنْ يَرْجِعَ فَفَعَلَ النَّبِيُّ ﷺ -

৫২০৬ 'মাহমুদ (র) বারা' (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ﷺ মক্কা থেকে রওয়ানা হলেন, তখন তাঁর সংগে ছিলেন আবু বকর (রা)। আবু বকর (রা) বলেন : আমরা এক রাখালের কাছ দিয়ে যাচ্ছিলাম। সে সময়ে রাসূলুল্লাহ ﷺ ছিলেন খুব পিপাসার্ত। আবু বকর (রা) বলেন : আমি তখন একটি পাত্রে ভেড়ার দুধ দোহন করলাম। তিনি তা পান করলেন, আমি খুব আনন্দিত হলাম। এমন সময় সুরাকা ইবন জু'ওম একটি ঘোড়ার উপর আরোহণ করে আমাদের কাছে আসলো। নবী ﷺ তাকে বদ দু'আর মনস্থ করলে সে নবী ﷺ -এর কাছে আবেদন জানাল, যেন তিনি তার প্রতি বদ দু'আ না করেন এবং সে যেন নিরাপদে ফিরে যেতে পারে। নবী ﷺ তাই করলেন।

৫২.৭ حَدَّثَنَا أَبُو الْيَمَانِ أَخْبَرَنَا شُعَيْبٌ حَدَّثَنَا أَبُو الرِّئَادِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ ﷺ قَالَ نِعْمَ الصَّدَقَةُ اللُّقْحَةُ الصَّفِيَّةُ مِنْحَةٌ وَالشَّاةُ الصَّفِيَّةُ مِنْحَةٌ، تَعْدُو بِإِنَاءٍ، وَتَرُوحُ بِأَحْرَ -

৫২০৭ আবুল ইয়ামান (র)..... আবু হুরায়রা (রা) থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ ﷺ বলেছেন : উত্তম সাদাকা হল উপহার হিসেবে প্রদত্ত দুধেল উটনী কিংবা দুধেল বকরী, যা সকালে একটি পাত্র ভরে দেবে আর বিকালে আরেকটি পাত্র।

৫২.৮ حَدَّثَنَا أَبُو عَاصِمٍ عَنِ الْأَوْزَاعِيِّ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ عُبَيْدِ اللَّهِ عَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ رَسُولَ اللَّهِ ﷺ شَرِبَ لَبَنًا فَمَضْمَضَ وَقَالَ إِنَّ لَهُ دَسْمًا * وَقَالَ إِبْرَاهِيمُ ابْنُ طَهْمَانَ عَنْ شُعْبَةَ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ رُفِعَتْ إِلَى السِّدْرَةِ، فَإِذَا أُرْبَعَةُ أَتْهَارٍ، تَهْرَانِ ظَاهِرَانَ، بَاطِنَانَ، فَأَمَّا الظَّاهِرَانِ التَّيْلُ وَالْفَرَاتُ وَأَمَّا البَاطِنَانِ فَتَهْرَانِ فِي الْحَنَةِ فَأَتَيْتُ بِثَلَاثَةِ أَقْدَاحٍ قَدَحٌ فِيهِ لَبَنٌ وَقَدَحٌ فِيهِ عَسَلٌ وَقَدَحٌ فِيهِ خَمْرٌ فَأَخَذْتُ الَّذِي اللَّبَنُ فَشَرِبْتُ فَقِيلَ لِي أَصَبْتَ الْفِطْرَةَ أَنْتَ وَأَمْتِكَ * قَالَ هِشَامٌ وَسَعِيدٌ وَهَمَّامٌ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ عَنِ مَالِكِ بْنِ صَعْصَعَةَ عَنِ النَّبِيِّ ﷺ فِي الْأَنْهَارِ نَحْوَهُ، وَلَمْ يَذْكُرُوا ثَلَاثَةَ أَقْدَاحٍ -

৫২০৮ আবু আসিম (র)..... ইবন আব্বাস (রা) থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ ﷺ দুধপান করেছেন, এরপর তিনি কুলি করেছেন এবং বলেছেন : এর মধ্যে তৈলাক্ততা আছে। ইব্রাহীম ইবন তাহমান (র) আনাস ইবন মালিক (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ ﷺ বলেছেন : আমার কাছে 'সিদ্রাতুল মুনতাহা' তুলে ধরা হল। তখন দেখলাম চারটি নহর। দু'টি নহর হল যাহেরী, আর দু'টি নহর হল বাতেনী। যাহেরী দু'টি হল, নীল ও ফোরাতি। আর বাতেনী

দুটি হল, জান্নাতের দুটি নহর। আমার সামনে তিনটি পেয়ালা পেশ করা হল, একটি পেয়ালার মধ্যে আছে দুধ, একটি পেয়ালার মধ্যে আছে মধু আর একটি পেয়ালার মধ্যে আছে শরাব। আমি দুধের পেয়ালাটি গ্রহণ করলাম এবং পান করলাম। তখন আমাকে বলা হল, আপনি এবং আপনার উম্মত স্বভাবজাত জিনিস লাভ করেছেন। তবে তাঁরা তিনটি পেয়ালার কথা উল্লেখ করেন নি।

۲۲۳۲ بَابُ اسْتِعْذَابِ الْمَاءِ

২২৩২. পরিচ্ছেদ : সুপেয় পানি তালাশ করা

۵২.৯ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةَ عَنْ مَالِكٍ عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللَّهِ أَنَّهُ سَمِعَ أَنَسَ بْنَ مَالِكٍ يَقُولُ كَانَ أَبُو طَلْحَةَ أَكْثَرَ أَنْصَارِيٍّ بِالْمَدِينَةِ مَالًا مِنْ نَخْلٍ وَكَانَ أَحَبَّ مَالِهِ إِلَيْهِ بَيْرُحَاءٌ وَكَانَتْ مُسْتَقْبِلَ الْمَسْجِدِ وَكَانَ رَسُولُ اللَّهِ ﷺ يَدْخُلُهَا وَيَشْرَبُ مِنْ مَاءٍ فِيهَا طَيِّبٌ قَالَ أَنَسٌ ، فَلَمَّا نَزَلْتُ لَنْ تَنَالُوا الْبِرَّ حَتَّى تُنْفِقُوا مِمَّا تُحِبُّونَ قَامَ أَبُو طَلْحَةَ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ أَنْ تَنَالُوا الْبِرَّ حَتَّى تُنْفِقُوا مِمَّا تُحِبُّونَ وَإِنْ أَحَبَّ مَالِي إِلَيَّ بَيْرُحَاءٌ وَإِنَّهَا صَدَقَةٌ لَللَّهِ أَرْجُو بَرَّهَا وَذُخْرَهَا عِنْدَ اللَّهِ فَضَعَهَا يَا رَسُولَ اللَّهِ حَيْثُ أَرَاكَ اللَّهُ فَقَالَ رَسُولُ اللَّهِ ﷺ بَخِ ذَلِكَ مَالٌ رَابِعٌ أَوْ رَابِعٌ شَكَّ عَبْدُ اللَّهِ وَقَدْ سَمِعْتُ مَا قُلْتَ ، وَإِنِّي أَرَى أَنْ تَحْمَلَهَا فِي الْأَقْرَبِينَ ، فَقَالَ أَبُو طَلْحَةَ أَفْعَلُ يَا رَسُولَ اللَّهِ ، فَحَسَمَهَا أَبُو طَلْحَةَ فِي أَقَارِبِهِ وَفِي بَنِي غَيْهِ * وَقَالَ إِسْمَاعِيلُ وَيَحْيَى بْنُ يَحْيَى رَابِعٌ -

৫২০৯ আবদুল্লাহ ইব্ন মাসলামা (র)..... আনাস ইব্ন মালিক (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আবু তালহা (রা) ছিলেন মদীনার আনসারীদের মধ্যে সবার চাইতে বেশী খেজুর গাছের মালিক। আর তাঁর নিকট তাঁর প্রিয় সম্পদ ছিল "বায়রুহা" নামক বাগানটি। সেটি ছিল মসজিদে নববীর ঠিক সামনে। রাসূলুল্লাহ ﷺ এ বাগানে যেতেন এবং সেখানে অবস্থিত সুপেয় পানি পান করতেন। আনাস (রা) বলেন, যখন আয়াত অবতীর্ণ হল : "তোমরা ততক্ষণ পর্যন্ত কল্যাণ অর্জন করতে সক্ষম হবে না, যতক্ষণ তোমরা তোমাদের প্রিয় জিনিস থেকে ব্যয় করবে"। তখন আবু তালহা (রা) দাঁড়িয়ে গেলেন এবং বললেন : ইয়া রাসূলুল্লাহ! আল্লাহ ইরশাদ করেছেন : "যা ভালবাস তা থেকে ব্যয় না করা পর্যন্ত তোমরা কখনো পুণ্য লাভ করবে না। আলে ইমরান : ৯২। আর আমার নিকট সবচাইতে প্রিয় সম্পদ হল 'বায়রুহা' নামক বাগান। এটিকে আমি আল্লাহর সন্তুষ্টির জন্য সাদকা করে দিলাম এবং আমি আল্লাহর কাছে এটির সওয়াব এবং এটির দণ্ড আশা করি। ইয়া রাসূলুল্লাহ! আপনি এটিকে গ্রহণ করুন, আল্লাহর ইচ্ছায় যেখানে ব্যয় করতে আপনি ভাল মনে করেন, সেখানে ব্যয় করুন। রাসূলুল্লাহ ﷺ বললেন : খুব ভাল, এটিতে লাভজনক সম্পদ, কিংবা

তিনি বলেছেন, এটিতো মুনাফা দানকারী সম্পদ। কথাটির মধ্যে রাবী আবদুল্লাহু দ্বিধা পোষণ করেছেন। নবী ﷺ বলেন : তুমি যা বলেছ, আমি তা শুনেছি। তবে আমি ভাল মনে করি যে, তুমি এটিকে আপন আত্মীয়-স্বজনদের মধ্যে বন্টন করে দেবে। আবু তালহা (রা) বললেন : ইয়া রাসূলুল্লাহ! আমি এমনটিই করবো। এরপর আবু তালহা (রা) বাগানটি তাঁর আত্মীয়দের মধ্যে এবং তাঁর চাচাত ভাইদের মধ্যে বন্টন করে দিলেন। ইসমাইল ও ইয়াহুইয়া رابع এর স্থলে رابع বর্ণনা করেছেন।

২২৩৩. بَابُ شُرْبِ اللَّبَنِ بِالْمَاءِ

২২৩৩. পরিচ্ছেদ : পানি মিশ্রিত দুধ পান করা

৫২১০ حَدَّثَنَا عَبْدَانُ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ أَخْبَرَنَا يُوْسُفُ بْنُ الرَّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي أَنَسُ بْنُ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّهُ رَأَى رَسُولَ اللَّهِ ﷺ شَرِبَ لَبَنًا وَأَتَى دَارَهُ فَحَلَبَتْ شَاةٌ فَشَبْتُ لِرَسُولِ اللَّهِ ﷺ مِنَ الْبَيْتِ فَتَنَاوَلَ الْقَدْحَ فَشَرِبَ وَعَنْ يَسَارِهِ أَبُو بَكْرٍ وَعَنْ يَمِينِهِ أَعْرَابِيُّ فَأَعْطَى الْأَعْرَابِيَّ فَضَلَّهُ ثُمَّ قَالَ الْاَيْمَنُ فَالْاَيْمَنُ -

৫২১০ আবদান (র)..... আনাস ইবন মালিক (রা) থেকে বর্ণিত যে, তিনি রাসূলুল্লাহু ﷺ কে তাঁর বাড়ীতে এসে দুধ পান করতে দেখেন। আনাস (রা) বলেন, আমি একটি বকরী দোহন করলাম। এবং কূপ থেকে পানি তুলে তা মিশিয়ে রাসূলুল্লাহু ﷺ -এর কাছে পেশ করলাম। তিনি পেয়ালাটি নিয়ে পান করেন। তাঁর বাঁদিকে ছিলেন আবু বকর (রা) ও ডান দিকে ছিল জমৈক বেদুঈন। তিনি বেদুঈনকে তাঁর অবশিষ্ট দুধ দিলেন। এরপর বললেন : ডান দিকের রয়েছে অগ্রাধিকার।

৫২১১ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا أَبُو عَامِرٍ حَدَّثَنَا فُلَيْحُ بْنُ سُلَيْمَانَ عَنْ سَعِيدِ بْنِ الْحَارِثِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ النَّبِيَّ ﷺ دَخَلَ عَلَى رَجُلٍ مِنَ الْأَنْصَارِ وَمَعَهُ صَاحِبٌ لَهُ ، فَقَالَ لَهُ النَّبِيُّ ﷺ إِنْ كَانَ عِنْدَكَ مَاءٌ بَاتَ هَذِهِ اللَّيْلَةَ فِي شِئْبَةٍ وَإِلَّا كَرَعْنَا قَالَ وَالرَّجُلُ يُحَوِّلُ الْمَاءَ فِي حَائِطِهِ قَالَ فَقَالَ الرَّجُلُ يَا رَسُولَ اللَّهِ ﷺ عِنْدِي مَاءٌ بَسَائِتُ فَانْطَلِقْ إِلَى الْعَرِيشِ قَالَ فَانْطَلِقْ بِهِمَا فَسَكَبَ فِي قَدْحٍ ثُمَّ حَلَبَ عَلَيْهِ مِنْ دَاجِنٍ لَهُ قَالَ فَشَرِبَ رَسُولُ اللَّهِ ﷺ ثُمَّ شَرِبَ الرَّجُلُ الَّذِي جَاءَ مَعَهُ -

৫২১১ আবদুল্লাহু ইবন মুহাম্মাদ (র) জাবির ইবন আবদুল্লাহু (রা) থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহু ﷺ আনসারদের এক ব্যক্তির নিকট গেলেন। তাঁর সংগে ছিলেন তাঁর এক সাহাবী। তখন রাসূলুল্লাহু ﷺ আনসারীকে বললেন : তোমার নিকট যদি মশকে রক্ষিত গত রাতের পানি থাকে

তাহলে আমাদের পান করাও। আর না থাকলে আমরা সামনে গিয়ে পান করব। রাবী বলেন, লোকটি তখন তার বাগানে পানি দিচ্ছিল। বর্ণনাকারী বলেন, লোকটি উত্তর করল : ইয়া রাসূলুল্লাহ আমার কাছে গত রাতের পানি আছে। আপনি ঝুপড়ীতে চলুন। বর্ণনাকারী বলেন, এরপর লোকটি তাঁদের দুজনকে নিয়ে গেল এবং একটি পেয়ালায় পানি নিয়ে তাতে তার একট বকরীর দুধ দোহন করল। বর্ণনাকারী বলেন, এরপর রাসূলুল্লাহ ﷺ তা পান করলেন, তারপর তাঁর সংগে আগন্তুক লোকটিও পান করলেন।

২২৩৪. **بَابُ شَرَابِ الْخَلْوَاءِ وَالْعَسَلِ وَقَالَ الزُّهْرِيُّ لَا يَجِلُّ شُرْبُ بَوْلِ النَّاسِ لِشِدَّةِ تَنْزِيلِ لَأَنَّهُ رِجْسٌ، قَالَ اللَّهُ تَعَالَى: أَجَلٌ لَكُمْ الطِّيبَاتُ، وَقَالَ ابْنُ مَسْعُودٍ فِي السَّكْرِ: إِنَّ اللَّهَ لَمْ يَجْعَلْ شِفَاءَ كُمٍ فِيمَا حَرَّمَ عَلَيْكُمْ**

২২৩৪. পরিচ্ছেদ : মিষ্টি দ্রব্য ও মধু পান করা। যুহরী (র) বলেছেন, ভীষণ মারাত্মক অবস্থার সৃষ্টি হলেও মানুষের পেশাব পান করা হালাল নয়। কেননা, পেশাব নাপাক। আল্লাহ তা'আলার ইরশাদ : "তোমাদের জন্য হালাল করা হয়েছে সকল পবিত্র জিনিস।" ইব্ন মাসউদ (রা) নেশাদ্রব্য সম্পর্কে বলেছেন : আল্লাহ তা'আলার উপর যে সকল জিনিস হারাম করেছেন তাতে তোমাদের জন্য কোন নিরাময় রাখেন নি

৫২১২ حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ قَالَ أَخْبَرَنِي هِشَامٌ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ كَانَ النَّبِيُّ ﷺ يُعْجِبُهُ الْخَلْوَاءُ وَالْعَسَلُ -

৫২১২ আলী ইব্ন আবদুল্লাহ (র)..... আয়েশা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ﷺ -এর নিকট সবচেয়ে পছন্দনীয় জিনিস ছিল মিষ্টিদ্রব্য ও মধু।

২২৩৫. **بَابُ الشُّرْبِ قَائِمًا**

২২৩৫. পরিচ্ছেদ : দাঁড়ানো অবস্থায় পান করা

৫২১৩ حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا مِسْعَرٌ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ مَيْسَرَةَ عَنِ الذَّرَّالِ قَالَ أَتَى عَلِيٌّ رَضِيَ اللَّهُ عَنْهُ عَلَى بَابِ الرَّحْبَةِ فَشَرِبَ قَائِمًا فَقَالَ إِنْ نَأَسَا يَكْرَهُ أَحَدَهُمْ أَنْ يَشْرَبَ وَهُوَ قَائِمٌ، وَإِنِّي رَأَيْتُ النَّبِيَّ ﷺ فَعَلَ كَمَا رَأَيْتُمُونِي فَعَلْتُ -

৫২১৩ আবু নু'আয়ম (র)..... নায'যাল (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, কূফা মসজিদের ফটকে আলী (রা) এর নিকট পানি আনা হলে তিনি দাঁড়ায়মান অবস্থায় তা পান করলেন। এরপর তিনি বললেন : লোকজনের মধ্যে কেউ কেউ দাঁড়ায়মান অবস্থায় পান করাকে মাকরুহ মনে করে, অথচ আমি নবী ﷺ কে দেখেছি, তোমরা আমাকে যে রূপভাবে পান করতে দেখলে তিনিও সে রূপ করেছেন।

৫২১৪ حَدَّثَنَا أَبُو أُدْمُ حَدَّثَنَا شُعْبَةُ حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ مَيْسَرَةَ سَمِعْتُ النَّزَالَ بْنَ سَيْرَةَ يُحَدِّثُ عَنْ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّهُ صَلَّى الظُّهْرَ ثُمَّ قَعَدَ فِي حَوَائِجِ النَّاسِ فِي رَحْبَةِ الْكُوفَةِ ، حَتَّى حَضَرَتْ صَلَاةُ الْعَصْرِ ، ثُمَّ أَتَى بِمَاءٍ فَشَرِبَ وَغَسَلَ وَجْهَهُ وَيَدَيْهِ وَذَكَرَ رَأْسَهُ وَرِجْلَيْهِ ثُمَّ قَالَ فَشَرِبَ فَضَلَّهُ وَهُوَ قَائِمٌ ثُمَّ قَالَ إِنَّ نَاسًا يَكْرَهُونَ الشُّرْبَ قَائِمًا وَإِنَّ النَّبِيَّ ﷺ صَنَعَ مِثْلَ مَا صَنَعْتُ -

৫২১৪ আদাম (র)..... নাযযাল ইব্ন সাবরা (রা) থেকে বর্ণিত। তিনি আলী ইব্ন আবু তালিব (রা)-এর সম্পর্কে বর্ণনা করেছেন যে, তিনি যোহরের সালাত আদায় করেন। এরপর তিনি মানুষের নানাবিধ প্রয়োজনীয় কাজে কৃফা মসজিদের চত্বরে বসে পড়লেন। অবশেষে আসরের সালাত আদায়ের সময় হয়ে গেল। তখন পানি আনা হল। তিনি পানি পান করলেন এবং নিজের মুখমন্ডল ও উভয় হাত ধৌত করলেন। বর্ণনাকারী আদাম এখানে তাঁর মাথার কথাও উল্লেখ করেন এবং ধৌত করার কথাও উল্লেখ করেন। এরপর আলী (রা) দাঁড়ালেন এবং তিনি দাঁড়ান অবস্থায় অযূর উদ্বৃত্ত পানি পান করে নিলেন। এরপর তিনি বললেন : লোকজন দভায়মান অবস্থায় পান করাকে মাকরুহ মনে করে, অথচ আমি যেমন করেছি নবী ﷺ ও তেমন করেছেন।

৫২১৫ حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَاصِمِ الْأَحْوَلِ عَنِ الشَّعْبِيِّ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ شَرِبَ النَّبِيُّ ﷺ قَائِمًا مِنْ زَمْرَمَ -

৫২১৫ আবু নু'আয়ম (র) ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ﷺ দভায়মান অবস্থায় যমযমের পানি পান করেছেন।

২২৩৬ . بَابُ مَنْ شَرِبَ وَهُوَ وَقِفٌ عَلَى بَعْضِهِ

২২৩৬. পরিচ্ছেদ : উটের পিঠে আরোহী অবস্থায় পান করা

৫২১৬ حَدَّثَنَا مَالِكُ بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ أَبِي سَلَمَةَ أَخْبَرَنَا أَبُو التَّضَرِّ عَنِ عُمَيْرِ مَوْلَى ابْنِ عَبَّاسٍ عَنْ أُمِّ الْفَضْلِ بِنْتِ الْحَارِثِ أَنَّهَا أُرْسِلَتْ إِلَى النَّبِيِّ ﷺ يَقْدَحُ لَبَنٍ ، وَهُوَ وَقِفٌ عَشِيَّةَ عَرَفَةَ ، فَأَخَذَ بِيَدِهِ فَشَرِبَهُ * زَادَ مَالِكٌ عَنْ أَبِي التَّضَرِّ عَلَى بَعْضِهِ -

৫২১৬ মালিক ইব্ন ইসমাসীল (র)..... উম্মুল ফায়ল বিনত হারিস (রা) থেকে বর্ণিত যে, তিনি নবী ﷺ-এর কাছে এক পেয়াল্লা দুধ পাঠিয়ে ছিলেন। তখন নবী ﷺ আরাফাতে বিকালে অবস্থান করছিলেন। তিনি নিজ হাতে পেয়াল্লাটি গ্রহণ করেন এবং তা পান করেন। আবুন নাযর থেকে মালিক ইব্নে বৈয়হ (তাঁর উটের উপর আরোহী অবস্থায় ছিলেন) কথাটি বর্ণনা করেছেন।

২২৩৭ . بَابُ الْأَيْمَنِ فَاَلْأَيْمَنِ فِي الشَّرْبِ

২২৩৭. পরিচ্ছেদ : পান করার ক্ষেত্রে প্রথমে ডানের ব্যক্তি, তারপর ক্রমান্বয়ে ডানের ব্যক্তির অগ্রাধিকার

৫২১৭ حَدَّثَنَا إِسْمَاعِيلُ قَالَ حَدَّثَنِي مَالِكٌ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ أَنَسِ ابْنِ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ ﷺ أَتَى بَلَيْنَ فَذُ شَيْبَ بَعَاءَ وَعَنْ يَمِينِهِ أُعْرَابِيٌّ وَعَنْ شِمَالِهِ أَبُو بَكْرٍ فَشَرِبَ ثُمَّ أُعْطِيَ الْأَعْرَابِيَّ وَقَالَ الْأَيْمَنِ الْأَيْمَنِ -

৫২১৭ ইসমাইল (র)..... আনাস ইবন মালিক (রা) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ ﷺ -এর সামনে পানি মেশানো দুধ পরিবেশন করা হল। তাঁর ডান পার্শ্বে ছিল জনৈক বেদুঈন ও বাম পার্শ্বে ছিলেন আবু বকর (রা)। নবী ﷺ দুধ পান করলেন। তারপর বেদুঈন লোকটিকে তা দিয়ে বললেন : ডানের লোকের অগ্রাধিকার। এরপর তার ডানের লোকের।

২২৩৮ . بَابُ هَلْ يَسْتَأْذِنُ الرَّجُلُ مَنْ عَنْ يَمِينِهِ فِي الشَّرْبِ لِيُعْطِيَ الْأَكْبَرَ

২২৩৮. পরিচ্ছেদ : পান করতে দেওয়ার ক্ষেত্রে বয়স্ক (বয়োজ্যেষ্ঠ) লোককে অগ্রাধিকার দেওয়ার জন্য তার ডানে অবস্থিত লোক থেকে অনুমতি গ্রহণ করতে হবে কি?

৫২১৮ حَدَّثَنَا إِسْمَاعِيلُ قَالَ حَدَّثَنِي مَالِكٌ عَنْ أَبِي حَازِمٍ بِنِ دِينَارٍ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ ﷺ أَتَى بِشَرَابٍ فَشَرِبَ مِنْهُ وَعَنْ يَمِينِهِ غُلَامٌ وَعَنْ يَسَارِهِ الْأَشْيَاحُ فَقَالَ لِلْغُلَامِ أَتَأْذِنُ لِي أَنْ أُعْطِيَ هَؤُلَاءِ ، فَقَالَ الْغُلَامُ وَاللَّهِ يَا رَسُولَ اللَّهِ لَا أُؤْتِرُ بِنَصِيْبِي مِنْكَ أَحَدًا ، قَالَ فَتَلَّهُ رَسُولُ اللَّهِ ﷺ فِي يَدِهِ -

৫২১৮ ইসমাইল (রা) সাহল ইবন সাদ (রা) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ ﷺ -এর সামনে শরবত পরিবেশন করা হল, তিনি তা থেকে পান করলেন। তাঁর ডানে ছিল একটি বালক, আর বামে ছিলেন কয়েকজন বয়োজ্যেষ্ঠ ব্যক্তি। তখন নবী ﷺ বালকটিকে বললেন : তুমি কি আমাকে অনুমতি দেবে যে, আমি ঐ বয়স্ক লোকদের আগে পান করতে দেই? বালকটি বলল : আল্লাহর কসম! ইয়া রাসূলুল্লাহ! আপনার কাছ থেকে আমার ভাগে আসা জিনিসের ক্ষেত্রে আমি কাউকে আমার উপর অগ্রাধিকার দেব না। রাবী বললেন : রাসূলুল্লাহ ﷺ তখন পেয়লাটি তার হাতে তুলে দিলেন।

২২৩৯ . بَابُ الْكَرْعِ فِي الْحَوْضِ

২২৩৯. পরিচ্ছেদ : অঞ্জলী দ্বারা হাউজের পানি পান করা

৫২১৭ حَدَّثَنَا يَحْيَى بْنُ صَالِحٍ حَدَّثَنَا فُلَيْحُ بْنُ سُلَيْمَانَ عَنْ سَعِيدِ بْنِ الْحَارِثِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ النَّبِيَّ ﷺ دَخَلَ عَلَيَّ رَجُلٌ مِنَ الْأَنْصَارِ وَمَعَهُ صَاجِبٌ لَهُ، فَسَلَّمَ النَّبِيُّ ﷺ وَصَاحِبُهُ، فَرَدَّ الرَّجُلُ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ يَا أَبِي أَنْتَ وَأُمِّي وَهِيَ سَاعَةٌ حَارَةٌ وَهُوَ يُحَوَّلُ فِي حَائِطٍ، يَعْنِي الْمَاءَ فَقَالَ النَّبِيُّ ﷺ إِنْ كَانَ عِنْدَكَ مَاءٌ بَاتَ فِي شِئْنَةٍ وَإِلَّا كَرَعْنَا وَالرَّجُلُ يُحَوَّلُ الْمَاءَ فِي حَائِطٍ، فَقَالَ الرَّجُلُ يَا رَسُولَ اللَّهِ عِنْدِي مَاءٌ بَاتَ فِي شِئْنَةٍ، فَأُتِلِقَ إِلَى الْعَرِيضِ فَسَكَبَ فِي قَدَحٍ مَاءً ثُمَّ حَلَبَ عَلَيْهِ مِنْ دَاجِنٍ لَهُ فَشَرِبَ النَّبِيُّ ﷺ ثُمَّ أَعَادَ فَشَرِبَ الرَّجُلُ الَّذِي جَاءَ مَعَهُ -

৫২১৯ ইয়াহুইয়া ইব্ন সালিহ্ (র)..... জাবির ইব্ন আবদুল্লাহ্ (রা) থেকে বর্ণিত। নবী ﷺ আনসারদের এক ব্যক্তির কাছে গেলেন। তাঁর সংগে ছিল তাঁর এক সাহাবী। নবী ﷺ ও তাঁর সাহাবী সালাম দিলে লোকটি সালামের জবাব দিল। এরপর সে বলল : ইয়া রাসূলুল্লাহ্! আপনার জন্য আমার পিতা ও মাতা কুরবান, এটি ছিল প্রচণ্ড গরমের সময়। এ সময় লোকটি তার বাগানে পানি দিতে ছিল। নবী ﷺ বললেন : যদি তোমার কাছে গতরাতে মশ্কে রাখা পানি থাকে তাহলে আমাদের পান করাতে পার। অন্যথায় আমরা আমাদের সম্মুখস্থ পানি থেকে পান করে নেব। তখন লোকটি বাগানে পানি দিতে ছিল। এরপর লোকটি বলল : ইয়া রাসূলুল্লাহ্! আমার কাছে গতরাতে মশ্কে রাখা পানি আছে। এরপর সে নবী ﷺ কে বুপড়ীতে নিয়ে গেল। একটি পাত্রে কিছু পানি ঢেলে তাতে ঘরে পোষা বকরীর দুধ দোহন করল। নবী ﷺ তা পান করলেন। এরপর সে আবার দোহন করল। তখন তাঁর সংগে যিনি ছিলেন তিনি তা পান করলেন।

২২৪. بَابُ خِدْمَةِ الصِّغَارِ الْكِبَارِ

২২৪০. পরিচ্ছেদ : ছোটরা বড়দের খেদমত করবে

৫২২০ حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا مُعْتَمِرٌ عَنْ أَبِيهِ قَالَ سَمِعْتُ أَنَسَ بْنَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كُنْتُ قَائِمًا عَلَى الْحَيِّ اسْتَقِيمَهُمْ عُمُومَتِي وَأَنَا أَصْغَرُهُمُ الْفَضِيخُ، فَقِيلَ حَرِمَتِ الْخَمْرُ، فَقَالَ أَكْفَيْتُهَا فَكَفَانَا، قُلْتُ بَلْأَنْسَ مَا شَرَابُهُمْ؟ قَالَ رَطْبٌ وَبَسْرٌ، فَقَالَ أَبُو بَكْرٍ بِنَسْنِ أَنْسِ، وَكَانَتْ خَمْرُهُمْ، فَلَمْ يُنْكَرْ أَنْسٌ وَحَدَّثَنِي بَعْضُ أَصْحَابِي أَنَّهُ سَمِعَ أَنَسًا يَقُولُ كَانَتْ خَمْرُهُمْ يَوْمَئِذٍ -

৫২২০ মুসাদ্দ (রা)..... আনাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন আমি আমার গোত্রীয় লোকদের মধ্যে দাড়িয়ে তাদেরকে অর্থাৎ আমার চাচাদেরকে "ফায়ীখ" নামক শরাব পান করাতে ছিলাম। আমি ছিলাম তাদের মধ্যে সকলের চাইতে ছোট। এমন সময় ঘোষণা করা হল : শরাব

হারাম হয়ে গেছে। তাঁরা বললেন : এ শরাবগুলো ঢেলে দাও। আমি তা ঢেলে দিলাম। বর্ণনাকারী (সুলায়মান তায়মী) বলেন, আমি আনাস (রা) কে জিজ্ঞাসা করলাম : তাদের শরাব কিসের তৈরী ছিল? তিনি বললেন : কাঁচা ও পাকা খেজুরের তৈরী। আনাস (রা)-এর পুত্র আবু বকর বললেন, (সম্ভবত তিনি তখন উপস্থিত ছিলেন), এটিই ছিল তাঁদের আমলের শরাব। তাতে আনাস (রা) কোন অস্বীকৃতি প্রকাশ করেন নি। সুলায়মান বলেন, আমার কতিপয় বন্ধু আমার নিকট বর্ণনা করেছেন যে, তিনি আনাস (রা) থেকে শুনেছেন : সেকালে এটিই ছিল তাঁদের শরাব।

২২৪১. بَابُ تَغْطِيَةِ الْإِنَاءِ

২২৪১. পরিচ্ছেদ : পাত্রসমূহকে ঢেকে রাখা

৫২২১ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ أَخْبَرَنَا رُوْحُ بْنُ عَبْدِ أَحْبَرَثَنَا ابْنُ جُرَيْجٍ قَالَ أَخْبَرَنِي عَطَاءٌ أَنَّهُ سَمِعَ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ إِذَا كَانَ جُنْحُ اللَّيْلِ أَوْ أَمْسَيْتُمْ فَكْفَرُوا صَيَّانَكُمْ فَإِنَّ الشَّيَاطِينَ تَنْشِيرُ حَيْثُهَا فَإِذَا ذَهَبَ سَاعَةٌ مِنَ اللَّيْلِ فَحَلُّوهُمْ فَأَغْلِقُوا الْأَبْوَابَ وَاذْكُرُوا اسْمَ اللَّهِ فَإِنَّ الشَّيْطَانَ لَا يَفْتَحُ بَابًا مُغْلَقًا وَأَوْكُوا قُرْبَكُمْ وَاذْكُرُوا اسْمَ اللَّهِ وَخَمَّرُوا أَنْتَكُمْ وَاذْكُرُوا اسْمَ اللَّهِ، وَلَوْ أَنْ تَعْرُضُوا عَلَيْهَا شَيْئًا، وَأَطْفِرُوا مَصَابِيحَكُمْ -

৫২২১ ইসহাক ইবন মানসূর (র)..... জাবির ইবন আবদুল্লাহ (রা) থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ ﷺ বলেছেন : যখন সন্ধ্যা হয়, তখন তোমাদের সন্তানদের ঘরে আটকিয়ে রাখবে। কেননা এ সময় শয়তানরা ছড়িয়ে পড়ে। তবে রাতের কিছু সময় অতিক্রান্ত হলে তখন তাদের ছেড়ে দিতে পার। আর ঘরের দরজা বন্ধ করবে। কেননা, শয়তান বন্ধ দরজা খুলতে পারে না। আর তোমরা আল্লাহর নাম নিয়ে (বিস্মিল্লাহ বলে) তোমাদের মশকের মুখ বন্ধ করে দেবে এবং আল্লাহর নাম নিয়ে তোমাদের পাত্রগুলোকে ঢেকে রাখবে কমপক্ষে পাত্রগুলোর উপর কোন জিনিস আড়াআড়িভাবে রেখে হলেও। আর (শয়নকালে) তোমরা তোমাদের চেরাগগুলো নিভিয়ে দেবে।

৫২২২ حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا هَمَّامٌ عَنْ عَطَاءٍ عَنْ جَابِرٍ أَنَّ رَسُولَ اللَّهِ ﷺ قَالَ أَطْفِرُوا الْمَصَابِيحَ إِذَا رَقَدْتُمْ وَعَلِقُوا الْأَبْوَابَ وَأَوْكُوا الْأَسْقِيَةَ وَخَمَّرُوا الطَّغَامَ وَالشَّرَابَ وَأَحْسِبُهُ قَالَ وَلَوْ بَعُودَ تَعْرُضُهُ عَلَيْهِ -

৫২২২ মুসা ইবন ইসমাইল (র)..... জাবির (রা) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ ﷺ বলেছেন : তোমরা যখন ঘুমাতে শুয়ে চেরাগ নিভিয়ে দেবে, দরজা বন্ধ করে ফেলবে, মশকের মুখ বন্ধ করে দেবে, খাবার ও পানীয় দ্রব্যাদি ঢেকে রাখবে। বর্ণনাকারী বলেন, আমার মনে হয় তিনি আরো বলেছেন, অন্তত একটি কাঠ আড়াআড়িভাবে পাত্রের উপর স্থাপন করে হলেও।

২২৪২ . بَابُ اخْتِنَاثِ الْأَسْقِيَةِ

২২৪২. পরিচ্ছেদ : মশ্কের মুখ খুলে তাতে মুখ লাগিয়ে পান করা

৫২২৩ حَدَّثَنَا أَبُو حَدَّثَنَا أَبُو أَبِي ذُنَيْبٍ عَنِ الزُّهْرِيِّ عَنِ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ عَنِ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ نَهَى رَسُولُ اللَّهِ ﷺ عَنْ اخْتِنَاثِ الْأَسْقِيَةِ ، يَعْنِي أَنْ تُكْسَرَ أَفْوَاهُهَا فَيَشْرَبُ مِنْهَا -

৫২২৩ আদাম (র)..... আবু সাঈদ খুদরী (রা) থেকে বর্ণিত। তিনি বলেন : রাসূলুল্লাহ ﷺ মশ্কের মুখ খুলে, তাতে মুখ লাগিয়ে পান পান করতে নিষেধ করেছেন।

৫২২৪ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مُقَاتِلٍ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ أَخْبَرَنَا يُونُسُ عَنِ الزُّهْرِيِّ قَالَ حَدَّثَنِي عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ أَنَّهُ سَمِعَ أَبَا سَعِيدٍ الْخُدْرِيَّ يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ ﷺ يَنْهَى عَنِ اخْتِنَاثِ الْأَسْقِيَةِ * قَالَ عَبْدُ اللَّهِ قَالَ مَعْمَرٌ أَوْ غَيْرُهُ هُوَ الشَّرْبُ مِنْ أَفْوَاهِهَا -

৫২২৪ মুহাম্মদ ইবন মুকাতিল (র)..... আবু সাঈদ খুদরী (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ ﷺ কে 'ইখ্তিনাছিল আসকিয়া' থেকে নিষেধ করতে শুনেছি। আবদুল্লাহ (র) বলেন, মা'মার কিংবা অন্য একজন বলেছেন, 'ইখ্তিনাছ' হল মশ্কের মুখ থেকে পান পান করা।

২২৪৩ . بَابُ الشُّرْبِ مِنَ السَّقَاءِ

২২৪৩. পরিচ্ছেদ : মশ্কের মুখ থেকে পান পান করা

৫২২৫ حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا أَيُّوبُ قَالَ لَنَا عِكْرَمَةُ أَلَا أَخْبِرُكُمْ بِأَشْيَاءٍ قَصَارَ حَدَّثَنَا بِهَا أَبُو هُرَيْرَةَ نَهَى رَسُولُ اللَّهِ ﷺ عَنِ الشُّرْبِ مِنَ قَرْبَةِ أَوْ السَّقَاءِ ، وَأَنْ يَمْتَعَ حَارَهُ أَنْ يَغْرِزَ حَشْبَهُ فِي دَارِهِ -

৫২২৫ আলী ইবন আবদুল্লাহ (র)..... আইউব (র) থেকে বর্ণিত। তিনি বলেন, ইকরামা (রা) আমাদের বললেন, আমি তোমাদের সংক্ষিপ্ত এমন কতগুলো কথা জানাবো কি যেগুলো আমাদের কাছে আবু হুরায়রা (রা) বর্ণনা করেছেন? (কতগুলো হল) রাসূলুল্লাহ ﷺ বড় কিংবা ছোট মশ্কের মুখে পান পান করতে এবং প্রতিবেশীকে এর দেয়ালের উপর খুঁটি গাঁড়তে বাধা দিতে নিষেধ করেছেন।

৫২২৬ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ أَخْبَرَنَا أَيُّوبُ عَنِ عِكْرَمَةَ عَنِ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ نَهَى النَّبِيُّ ﷺ أَنْ يُشْرَبَ مِنْ فِي السَّقَاءِ -

৫২২৬ মুসাদ্দাদ (রা)..... আবু হুরায়রা (রা) থেকে বর্ণিত যে, নবী ﷺ মশকের মুখ থেকে পানি পান করতে নিষেধ করেছেন।

৫২২৭ حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ حَدَّثَنَا خَالِدٌ عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ نَهَى النَّبِيُّ ﷺ عَنِ الشَّرْبِ مِنْ فِي السِّقَاءِ -

৫২২৭ মুসাদ্দাদ (রা)..... ইবন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ﷺ মশকের মুখ থেকে পানি পান করতে নিষেধ করেছেন।

۲۲۴۴ . بَابُ التَّنَفُّسِ فِي الْإِنَاءِ

২২৪৪. পরিচ্ছেদ : পানি পান্নে নিঃশ্বাস ফেলা

৫২২৮ حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا شَيْبَانُ عَنْ يَحْيَى عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي قَتَادَةَ عَنْ أَبِيهِ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ إِذَا شَرِبَ أَحَدُكُمْ فَلَا يَتَنَفَّسُ فِي الْإِنَاءِ ، وَإِذَا بَالَ أَحَدُكُمْ فَلَا يَمْسُحُ ذَكَرَهُ بِيَمِينِهِ ، وَإِذَا تَمَسَّحَ أَحَدُكُمْ فَلَا يَتَمَسَّحُ بِيَمِينِهِ -

৫২২৮ আবু নুআইম (র)..... আবদুল্লাহর পিতা আবু কাতাদা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ ﷺ বলেছেন : তোমাদের কেউ যখন পানি পান করবে সে যেন তখন পান-পান্নে নিঃশ্বাস না ফেলে। আর তোমাদের কেউ যখন পেশাব করবে, সে যেন ডান হাতে তার লজ্জাস্থান স্পর্শ না করে এবং তোমাদের কেউ যখন শৌচ কাজ করবে তখন সে যেন ডান হাতে তা না করে।

۲۲۴۵ . بَابُ الشَّرْبِ بِتَنَفُّسٍ أَوْ ثَلَاثَةً

২২৪৫. পরিচ্ছেদ : দুই কিংবা তিন স্বাসে পানি পান করা

৫২২৯ حَدَّثَنَا أَبُو عَاصِمٍ وَأَبُو نُعَيْمٍ قَالَا حَدَّثَنَا عَزْرَةُ بْنُ ثَابِتٍ قَالَ أَخْبَرَنِي ثُمَامَةُ ابْنُ عَبْدِ اللَّهِ قَالَ كَانَ أَنَسٌ يَتَنَفَّسُ فِي الْإِنَاءِ مَرَّتَيْنِ أَوْ ثَلَاثًا ، وَرَعِمَ أَنَّ النَّبِيَّ ﷺ كَانَ يَتَنَفَّسُ ثَلَاثًا -

৫২২৯ আবু আসিম ও আবু নুআয়ম (র)..... সুমায়া ইবন আবদুল্লাহ (র) থেকে বর্ণিত। তিনি বলেন : আনাস (রা)-এর নিয়ম ছিল, তিনি দুই কিংবা তিন নিঃশ্বাসে পান্নের পানি পান করতেন। তিনি ধারণা করতেন যে, নবী ﷺ তিন নিঃশ্বাসে পানি পান করতেন।

۲۲۴۶ . بَابُ الشَّرْبِ فِي آيَةِ الذَّهَبِ

২২৪৬. পরিচ্ছেদ : সোনার পান্নে পানি পান করা

৫২৩০ حَدَّثَنَا حَنْظَلَةُ بْنُ عَمْرٍو حَدَّثَنَا شُعْبَةُ بْنُ الْحَكَمِ عَنِ ابْنِ أَبِي لَيْلَى قَالَ كَانَ حُذَيْفَةُ بِالْمَدَائِنِ فَاسْتَسْقَى ، فَأَنَاهُ دُهْمَانٌ بِقَدْحٍ فِضَّةٍ فَرَمَاهُ بِهِ فَقَالَ إِنِّي لَمْ أُرْمِهِ إِلَّا أَنِّي نَهَيْتُهُ فَلَمْ

يَنْتَهُ وَإِنَّ النَّبِيَّ ﷺ تَهَانَا عَنِ الْحَرِيرِ وَالذِّيَّاجِ وَالشُّرْبِ فِي آنِيَةِ الذَّهَبِ وَالْفِضَّةِ ، وَقَالَ هُنَّ لَهُمْ فِي الدُّنْيَا وَهِيَ لَكُمْ فِي الْآخِرَةِ -

৫২৩০ হাফস ইবন উমর (র)..... ইবন আবু লায়লা (র) থেকে বর্ণিত। তিনি বলেন, ছায়াফা (রা) মাদায়েন অঞ্চলে অবস্থান করছিলেন। এ সময় তিনি পানি পান করতে চাইলেন। তখন জনৈক গ্রামবাসী একটি রূপার পেয়ালায় পানি এনে তাঁকে দিল। তিনি পানি সহ পেয়ালাটি ছুঁড়ে মারলেন। এরপর তিনি বললেন : আমি এটি ছুঁড়ে ফেলতাম না, কিন্তু আমি তাকে নিষেধ করা সত্ত্বেও সে তা থেকে বিরত হয়নি। অথচ নবী ﷺ আমাদের নিষেধ করেছেন মোটা ও পাতলা রেশমের কাপড় পরিধান করতে, সোনা ও রূপার পান-পাত্র ব্যবহার করতে। তিনি আরো বলেছেন : উল্লেখিত জিনিসগুলো হ'ল দুনিয়াতে কাফির সম্প্রদায়ের জন্য; আর আখিরাতে তোমাদের জন্য।

۲۲۴۷ . بَابُ آيَةِ الْفِضَّةِ

২২৪৭. পরিচ্ছেদ : সোনা-রূপার পাত্রে পানি পান করা

৫২৩১ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى حَدَّثَنَا ابْنُ أَبِي عَدِيٍّ عَنِ ابْنِ عَوْنٍ عَنِ ابْنِ أَبِي لَيْلَى قَالَ خَرَجْنَا مَعَ حُدَيْفَةَ ذَكَرَ النَّبِيُّ ﷺ قَالَ لَا تَشْرَبُوا فِي آنِيَةِ الذَّهَبِ وَالْفِضَّةِ وَلَا تَلْبَسُوا الْحَرِيرَ وَالذِّيَّاجَ فَإِنَّهَا لَهُمْ فِي الدُّنْيَا وَلَكُمْ فِي الْآخِرَةِ -

৫২৩১ মুহাম্মদ ইবন মুসান্না (রা)..... ইবন আবু লায়লা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা ছায়াফা (রা)-এর সংগে বাইরে বের হলাম। এ সময় তিনি নবী ﷺ-এর কথা আলোচনা করেন যে, নবী ﷺ বলেছেন : তোমরা সোনা ও রূপার পাত্রে পান করবে না। আর মোটা বা পাতলা রেশমের কাপড় পরিধান করবে না। কেননা, এগুলো দুনিয়াতে তাদের (অমুসলিম সম্প্রদায়ের) জন্য ভোগ্যবস্তু। আর তোমাদের (মুসলিম সম্প্রদায়ের) জন্য হল আখিরাতে ভোগ্য সামগ্রী।

৫২৩২ حَدَّثَنَا إِسْمَاعِيلُ قَالَ حَدَّثَنِي مَالِكُ بْنُ أَنَسٍ عَنْ نَافِعٍ عَنْ زَيْدِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرٍ الصِّدِّيقِ عَنْ أُمِّ سَلَمَةَ زَوْجِ النَّبِيِّ ﷺ أَنَّ رَسُولَ اللَّهِ ﷺ قَالَ الَّذِي يَشْرَبُ فِي إِنَاءِ الْفِضَّةِ إِنَّمَا يُحْرَجُ فِي بَطْنِهِ نَارَ جَهَنَّمَ -

৫২৩২ ইসমাইল (র) নবী ﷺ-এর সহধর্মিণী উম্মে সালামা (রা) থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ ﷺ বলেছেন : যে ব্যক্তি রূপার পাত্রে পান করে সে তো তার উদরে জাহান্নামের আগুন প্রবেশ করায়।

৫২৩৩ حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنِ الْأَشْعَثِ بْنِ سَيْبٍ عَنِ مَعَاوِيَةَ بْنِ سُوَيْدِ بْنِ مِقْرَانَ عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ قَالَ أَمَرَنَا رَسُولُ اللَّهِ ﷺ بِسَبْعٍ وَتَهَانَا عَنْ سَبْعٍ : أَمَرَنَا

بِعِيَادَةِ الْمَرِيضِ ، وَاتِّبَاعِ الْحَنَازَةِ ، وَتَشْمِيتِ الْعَاطِسِ ، وَإِجَابَةِ الدَّاعِي ، وَأَفْشَاءِ السَّلَامِ ، وَتَصْرِ الْمَظْلُومِ ، وَابْتِرَارِ الْمُقْسِمِ وَنَهَانًا عَنْ خَوَاتِيمِ الذَّهَبِ ، وَعَنِ الشُّرْبِ فِي الْفِضَّةِ ، أَوْ قَالَ آتِيَةِ الْفِضَّةِ ، وَعَنِ الْمَيَابِرِ وَالْقَيْيِّ ، وَعَنْ لُبْسِ الْحَرِيرِ وَالِدِيَّاجِ وَالِإِسْتَبْرَقِ -

৫২৩৩ মুসা ইব্ন ইসমাসিল (র)..... বারা' ইব্ন আযিব (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ ﷺ আমাদের সাতটি জিনিসের হুকুম দিয়েছেন এবং সাতটি জিনিস থেকে নিষেধ করেছেন। তিনি আমাদের হুকুম দিয়েছেন : রোগীর সেবা করতে, জানাযার পেছনে যেতে, হাঁচি দানকারীর জবাব দিতে, দাওয়াতকারীর দাওয়াত গ্রহণ করতে, বেশী বেশী সালাম দিতে, মাযলুমের সাহায্য করতে এবং কসমকারীকে কসম ঠিক রাখার সুযোগ করে দিতে। আর আমাদের তিনি নিষেধ করছেন : স্বর্ণের আংটি ব্যবহার করতে, কিংবা তিনি বলেছেন, রূপার পাত্রে পানি পান করতে, মায়াসির অর্থাৎ এক জাতীয় নরম ও মসৃণ রেশমী কাপড় কাসসী অর্থাৎ রেশম মিশ্রিত কাপড় ব্যবহার করতে এবং পাতলা কিংবা মোটা এবং অলংকার খচিত রেশমী কাপড় ব্যবহার করতে।

২২৪৮ . بَابُ الشُّرْبِ فِي الْأَقْدَاحِ

২২৪৮. পরিচ্ছেদ : পেয়ালায় পান করা

৫২৩৪ حَدَّثَنَا عَمْرُو بْنُ عَبَّاسٍ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ سَالِمِ أَبِي النَّضْرِ عَنْ عُمَيْرِ مَوْلَى أُمِّ الْفَضْلِ عَنْ أُمِّ الْفَضْلِ أَنَّهُمْ شَكَّوْا فِي صَوْمِ النَّبِيِّ ﷺ يَوْمَ عَرَفَةَ فَبِعِثَ إِلَيْهِ بِقَدَحٍ مِنْ لَبَنٍ فَشَرِبَهُ -

৫২৩৪ আমর ইব্ন আব্বাস (র)..... উম্মুল ফাযল্ (রা) থেকে বর্ণিত যে, লোকজন আরাফার দিনে নবী ﷺ -এর সিয়াম পালনের ব্যাপারে সন্দেহ পোষণ করলো। তখন আমি তাঁর নিকট একটি পেয়ালায় করে কিছু দুধ পাঠালাম। তিনি তা পান করলেন।

২২৪৯ . بَابُ الشُّرْبِ مِنْ قَدَحِ النَّبِيِّ ﷺ وَأَنْتَيْهِ ، وَقَالَ أَبُو بُرْدَةَ قَالَ لِي عَبْدُ اللَّهِ ابْنُ سَلَامٍ أَلَا أَسْقِيكَ فِي قَدَحِ شَرِبَ النَّبِيُّ ﷺ فِيهِ -

২২৪৯. পরিচ্ছেদ : নবী ﷺ -এর ব্যবহৃত পেয়ালায় পান করা এবং তাঁর পাত্র-সমূহের বর্ণনা। আবু বুরদাহ (র) বলেন, আবদুল্লাহ ইব্ন সালাম (র) আমাকে বলেছেন : আমি কি তোমাকে সেই পাত্রে পান করতে দেব না যে পাত্রে নবী ﷺ পান করেছেন?

৫২৩৫ حَدَّثَنَا سَعْدُ بْنُ أَبِي مُرَّةٍ حَدَّثَنَا أَبُو غَسَّانٍ قَالَ حَدَّثَنِي أَبُو حَازِمٍ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ ذَكَرَ لِلنَّبِيِّ ﷺ امْرَأَةً مِنَ الْعَرَبِ فَأَمَرَ أبا أُسَيْدٍ السَّاعِدِيَّ أَنْ يُرْسِلَ

إِلَيْهَا فَأَرْسَلَ إِلَيْهَا فَقَدِمَتْ ، فَتَزَلَّتْ فِي أُحْمِ بْنِ سَاعِدَةَ ، فَخَرَجَ النَّبِيُّ ﷺ حَتَّى جَاءَهَا فَدَخَلَ عَلَيْهَا فَإِذَا امْرَأَةٌ مُنَكَّسَةٌ رَأْسَهَا ، فَلَمَّا كَلَّمَهَا النَّبِيُّ ﷺ قَالَتْ أَعُوذُ بِاللَّهِ مِنْكَ فَقَالَ قَدْ أَعَدْتُكَ مِنِّي ، فَقَالُوا لَهَا أَتَدْرِينَ مِنْ هَذَا ؟ قَالَتْ لَا ، قَالُوا هَذَا رَسُولُ اللَّهِ ﷺ جَاءَ لِيَخْطُبُكَ قَالَتْ كُنْتُ أَنَا أَشْفَى مِنْ ذَلِكَ ، فَأَقْبَلَ النَّبِيُّ ﷺ يَوْمئِذٍ حَتَّى جَلَسَ فِي سَقِيفَةِ بَنِي سَاعِدَةَ هُوَ وَأَصْحَابُهُ ، ثُمَّ قَالَ اسْقِنَا يَا سَهْلُ ، فَخَرَجَتْ لَهُمْ بِهَذَا الْقَدَحِ فَأَسْقَيْتَهُمْ فِيهِ فَأَخْرَجَ لَنَا سَهْلُ ذَلِكَ الْقَدَحَ فَشَرِبْنَا قَالَ ثُمَّ اسْتَوْهَبَهُ عُمَرُ بْنُ عَبْدِ الْعَزِيزِ بَعْدَ ذَلِكَ فَوَهَبَهُ لَهُ .

৫২৩৫ সাঈদ ইবন আবু মারইয়াম (র) সাহল ইবন সা'দ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ﷺ-এর কাছে আরবের জনৈক মহিলার কথা আলোচনা করা হলে, তিনি আবু উসায়দ সাঈদী (রা)কে আদেশ দিলেন, সেই মহিলার নিকট কাউকে পাঠাতে। তখন তিনি তার নিকট একজনকে পাঠালে সে আসলো এবং সাঈদা গোত্রের দুর্গে অবতরণ করলো। এরপর নবী ﷺ বেরিয়ে এসে তার কাছে গেলেন। নবী ﷺ দুর্গে তার কাছে প্রবেশ করে দেখলেন, একজন মহিলা মাথা ঝুকিয়ে বসে আছে। নবী ﷺ যখন তার সংগে কথোপকথন করলেন, তখন সে বলে উঠল, আমি আপনার থেকে আল্লাহর নিকট পানাহ চাই। তখন তিনি বললেন : আমি তোমাকে পানাহ দিলাম। তখন লোকজন তাকে বলল তুমি কি জান ইনি কে? সে উত্তর করল : না। তারা বলল : ইনি তো আল্লাহর রাসূল। তোমাকে বিয়ের প্রস্তাব দিতে এসেছিলেন। সে বলল, এ মর্যাদা থেকে আমি চির বঞ্চিতা। এরপর সেই দিনই নবী ﷺ অগ্রসর হলেন এবং তিনি ও তাঁর সাহাবীগণ অবশেষে বনী সাঈদার চত্বরে এসে বসে পড়লেন। এরপর বললেন : হে সাহল! আমাদের পানি পান করাও। সাহল (রা) বলেন, তখন আমি তাঁদের জন্য এই পেয়ালাটিই বের করে আনি এবং তা দিয়ে তাঁদের পান করাই। বর্ণনাকারী বলেন, সাহল (রা) তখন আমাদের কাছে সেই পেয়ালা বের করে আনলে আমরা তাতে করে পানি পান করি। তিনি বলেছেন : পরবর্তীকালে উমর ইবন আবদুল আযীয (রা) তাঁর কাছ থেকে সেটি দান হিসাবে পেতে চাইলে, তিনি তাঁকে তা হেবা করে দেন।

৫২৩৬ حَدَّثَنَا الْحَسَنُ بْنُ مَذْرِكٍ قَالَ حَدَّثَنِي يَحْيَى بْنُ حَمَّادٍ أَخْبَرَنَا أَبُو عَوَّانَةَ عَنْ عَاصِمِ الْأَحْوَلِ قَالَ رَأَيْتُ قَدَحَ النَّبِيِّ ﷺ عِنْدَ أَنَسِ بْنِ مَالِكٍ ، وَكَانَ قَدْ أَنْصَدَعَ فَسَلَسَلَهُ بِفِضَّةٍ قَالَ وَهُوَ قَدَحٌ حَيْدٌ عَرِيضٌ مِنْ نُضَارٍ قَالَ قَالَ أَنَسٌ لَقَدْ سَقَيْتُ رَسُولَ اللَّهِ ﷺ فِي هَذَا الْقَدَحِ أَكْثَرَ مِنْ كَذَا وَكَذَا * قَالَ وَقَالَ ابْنُ أَبِي شَيْبَةَ إِنَّهُ كَانَ فِيهِ حَلْفَةٌ مِنْ حَلْبٍ فَأَرَادَ أَنْ يَسْقَى أَنْ يَجْعَلَ مَكَانَهَا حَلْفَةً مِنْ ذَهَبٍ أَوْ فِضَّةٍ فَقَالَ لَهُ أَبُو طَلْحَةَ لَا تُغَيِّرَنَّ شَيْئاً صَنَعَهُ رَسُولُ اللَّهِ ﷺ فَتَرَكَهُ .

৫২৩৬ হাসান ইবন মুদরিক (র)..... 'আসিম আহওয়াল (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আনাস ইবন মালিক (রা)-এর কাছে নবী ﷺ -এর ব্যবহৃত একটি পেয়ালা দেখেছি। সেটি ফেটে গিয়েছিল। এরপর তিনি তা রূপা মিলিয়ে জোড়া দেন। বর্ণনাকারী 'আসিম বলেন, সেটি ছিল উত্তম, চওড়া ও নুযর কাঠের তৈরী। 'আসিম বলেন, আনাস (রা) বলেছেন : আমি রাসূলুল্লাহ ﷺ কে এ পেয়ালায় বহুবার পানি পান করিয়েছি। 'আসিম বলেন, ইবন সীরীন (রা) বলেছেন : পেয়ালাটিতে বৃজাকারে লোহা লাগানো ছিল। তাই আনাস (রা) ইচ্ছা করে ছিলেন, লোহার বৃত্তের স্থলে সোনা বা রূপা একটি বৃত্ত স্থাপন করতে। তখন আবু তালহা (রা) তাঁকে বললেন, রাসূলুল্লাহ ﷺ যেকোন তৈরী করেছেন, তাতে কোন পরিবর্তন করো না। ফলে তিনি সে ইচ্ছা ত্যাগ করেন।

২২৫০. ۲۲۵۰. بَابُ شُرْبِ الْبَرَكَةِ وَالْمَاءِ الْمُبَارَكِ

২২৫০. পরিচ্ছেদ : বরকত পান করা ও বরকতযুক্ত পানির বর্ণনা

۵۲۳۷ حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا جَرِيرٌ عَنِ الْأَعْمَشِ قَالَ حَدَّثَنِي سَالِمُ بْنُ أَبِي الْحَفْصِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا هَذَا الْحَدِيثُ قَالَ قَدْ رَأَيْتُنِي مَعَ النَّبِيِّ ﷺ وَقَدْ حَضَرَتِ الْعَصْرُ وَلَيْسَ مَعَنَا مَاءٌ غَيْرُ فَضْلَةٍ فَجَعِلَ فِي إِيَّانِي فَأَتَى النَّبِيُّ ﷺ بِهِ فَأَدْخَلَ يَدَهُ فِيهِ وَفَرَّجَ أَصَابِعَهُ ، ثُمَّ قَالَ حَيَّ عَلَى أَهْلِ الْوُضُوءِ الْبَرَكَةِ مِنَ اللَّهِ ، فَلَقَدْ رَأَيْتُ الْمَاءَ يَتَفَحَّرُ مِنْ بَيْنِ أَصَابِعِهِ ، فَتَوَضَّأُ النَّاسُ وَشَرِبُوا فَجَعَلْتُ لَا أَلُو مَا جَعَلْتُ فِي بَطْنِي مِنْهُ ، فَعَلِمْتُ أَنَّهُ بَرَكَةٌ ، قُلْتُ لِحَابِرٍ كَمْ كُنْتُمْ يَوْمَئِذٍ ؟ قَالَ أَلْفًا وَأَرْبَعِمِائَةٍ * تَابَعَهُ عَمْرُو بْنُ جَابِرٍ ، وَقَالَ حُصَيْنٌ وَعَمْرُو بْنُ مُرَّةٍ عَنْ سَالِمٍ عَنْ جَابِرٍ خَمْسَ عَشْرَةَ مِائَةً وَتَابَعَهُ سَعِيدُ بْنُ الْمُسَنَّبِ عَنْ جَابِرٍ -

৫২৩৭ কুতায়বা ইবন সাঈদ (র)..... জাবির ইবন 'আবদুল্লাহ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী ﷺ -এর সংগে ছিলাম, এ সময় আসরের সময় হয়ে গেল। অথচ আমাদের সংগে বেঁচে যাওয়া সামান্য পানি ব্যতীত কিছুই ছিল না। তখন সেটুকু একটি পাত্রে রেখে পাত্রটি নবী ﷺ -এর সামনে পেশ করা হল। তিনি পাত্রটির মধ্যে নিজের হাত ঢুকিয়ে দিলেন এবং আঙ্গুলগুলো ছড়িয়ে দিলেন। এরপর বললেন : এস, যাদের অযূর প্রয়োজন আছে। বরকত তো আসে আল্লাহর কাছ থেকে। জাবির (রা) বলেন, তখন আমি দেখলাম, নবী ﷺ -এর আঙ্গুলগুলোর ফাঁক থেকে পানি প্রবাহিত হচ্ছে। লোকজন অযূ করল এবং পানি পান করল। আমিও আমার উদরে যতটুকু সম্ভব ছিল ততটুকু পান করতে ঠ্রুটি করলাম না। কেননা, আমি জানতাম এটি বরকতের পানি। রাবী বলেন, আমি জাবির (রা)-কে বললাম : সে দিন আপনারা কত লোক ছিলেন? তিনি বললেন : এক হাজার চারশ' জন। জাবির (রা)-এর সূত্রে আমার অনুরূপ বর্ণনা করেছেন। হাজ্জিয় জাবির (রা) সূত্রের মাধ্যমে হুসাইন ও 'আমর ইবন মুররা চৌদ্দশ'র স্থানে পনেরশ'র কথা বলেছেন। সাঈদ ইবন মুসায়্যাব জাবির (রা) থেকে অনুরূপ বর্ণনা করেছেন।